CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর-রচিত

শরণাগতি

"কণিকা" টীকা-সহ

'গৌড়ীয় মিশন' হইতে
শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ কর্ত্তৃক
প্রকাশিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীভক্তিবিনোদাবির্ভাব-বাসর

শ্রীভক্তিবিনোদাব্দ—১০২

গৌরাব্দ—৪৫৪

বঙ্গাব্দ—১৩৪৭

ষোড়শ সংস্করণ

(সটীক প্রথম সংস্করণ)

প্রাপ্তিস্থান—

শ্রীযোগপীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

মুদ্রাকর—শ্রীরামকৃষ্ণ পাল

মথুরা প্রিন্টিং ওয়ার্কস্, ঢাকা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ব্ব-সংস্করণ-প্রকাশকের নিবেদন

বৈষ্ণবসমাজমুকুটমণি বর্ত্তমানকালের শুদ্ধভক্তিস্রোতের মূল মহাপুরুষ দিব্যসূরি শ্রীগৌর-নিজজন শ্রীশ্রীমৎ ঠাকুর ভক্তিবিনোদ তদাশ্রিত জনের জন্য "শরণাগতি" নামক কবিতা কয়েকটীতে শুদ্ধভক্তির মূল নিদর্শন লিপিবদ্ধ করিয়াছেন। শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিত আছে,—

"অসৎসঙ্গ-ত্যাগ—এই বৈষ্ণব-আচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥
এত সব ছাড়ি' আর বর্ণাশ্রম-ধর্ম্ম।
অকিঞ্চন হঞা লয় কৃষ্ণৈকশরণ॥
শরণাগতের, অকিঞ্চনের একই লক্ষণ।
তার মধ্যে প্রবেশয়ে আত্মসমর্পণ॥
শরণ লঞা করে কৃষ্ণে আত্মসমর্পণ।
কৃষ্ণ তাঁরে করে তৎকালে আত্মসম॥"

বৈষ্ণবের একমাত্র সদাচার এই যে, অবৈষ্ণব-সঙ্গ-পরিত্যাগ। 'অবৈষ্ণব' বলিলে স্ত্রীসঙ্গী ও কৃষ্ণভজন-রহিত—এই দুই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রেণীকে বুঝায়। স্ত্রীসঙ্গ দ্বিবিধ,—(১) বৈধ-ধর্ম্মপর স্ত্রীসঙ্গ, যাহাতে পুণ্যময় শৌক্র বর্ণাশ্রমধর্ম্ম প্রতিষ্ঠিত ও তৎফলে স্বর্গসুখ-লাভ ; (২) অবৈধ স্ত্রীসঙ্গ, যাহা অধর্ম্ম-পর এবং শৌক্রবর্ণাশ্রম-ধর্ম্মের বিশৃঙ্খলতাকারক ও তৎফলে নরক-দুঃখলাভ। ধর্ম্ম, অর্থ, কাম-নামক পুণ্যময় ত্রিবর্গ স্ত্রীসঙ্গরূপ অবৈষ্ণবাচারে আবদ্ধ। 'মোক্ষ' নামক বর্গও হরিবিমুখতা-নিবন্ধন হেয় অর্থাৎ মুক্তি-কামনাও অবৈষ্ণবতা। মুমুক্ষু মায়াবাদী বা বুভুক্ষু মায়াবিলাসী —উভয়েই অবৈষ্ণব। মুমুক্ষু মায়াবাদী নিজোৎকর্ষের জন্য জড়-ভোগত্যাগী ; বুভুক্ষু স্ত্রীসঙ্গী ভোগী—উভয়েই ফলান্বেষী, অশান্ত ও জড়াহঙ্কারে ব্যস্ত ; কৃষ্ণদাস তাদৃশ বর্ণাশ্রমধর্ম্মী নহেন। তিনি সমর্পিতাত্মা এবং সর্ব্বাত্মনাশ্রিতপদ ও নির্ব্যলীক। বৈষ্ণব—বর্ণাশ্রমধর্ম্মীর শ্রীশ্রীগুরুদেব।

শরণাগত না হইলে শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ প্রভুর অপ্রাকৃত ভজনের সরলভাবে অনুসরণ করা সাধারণের পক্ষে সহজ নহে। যাঁহারা অবৈধভাবে নিজের প্রাকৃত বলের উপর নির্ভর করিয়া দুঃসঙ্গের বোঝা মাথায় লইয়া বৈষ্ণবের অপ্রাকৃত পাদপদ্ম-দর্শনে দৌড়িবেন, তাঁহারা রাবণের মায়া-সীতা-হরণের ন্যায় প্রাকৃত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বস্তুই লাভ করিবেন। কর্ম্ম, জ্ঞান বা মিছা-ভক্তিতে নিপুণতা থাকিলে কখনই শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীপাদপদ্মাশ্রয়ের অধিকার হয় না। শ্রীগৌরাঙ্গের প্রকৃত-কৃপা পাইলেই জীব শ্রীল ঠাকুর মহাশয়ের শ্রীচরণের অপ্রাকৃতত্ব উপলব্ধি করিতে পারেন।

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের পরিচয় অনেকের নিকট অজ্ঞাত, অনেকেরই ধারণায় প্রকৃত সত্য হইতে বিকৃত ও অনেকের নিকট স্বকপোলকল্পিত-বিশ্বাসে পুষ্ট। ভ্রম, প্রমাদ, করণাপাটব ও বিপ্রলিপ্সা—এই দোষ-চতুষ্টয় প্রকৃত সত্যকে আবরণ করে। পরম-সত্য বা নিত্য-সত্য অনেকের নিকট আবৃত থাকিলেও চিরদিনই সত্য। ভগবান্ শ্রীকৃষ্ণই সত্য, তাঁহার সেবকও নিত্য। নিত্যসেব্যের নিত্যসেবক নিত্যকাল নিত্য সেবা করেন।

মানবগণ স্থূল ও সূক্ষ্মভাবে বিষয়ের ভোক্তা হইয়া যে সুখ-দুঃখ লাভ করেন, তাহাকে ফলভোগময় 'কর্ম্মবাদ' বলে। বিষয়ের ভোক্তৃত্ব ছাড়িয়া সুখ-দুঃখের ফলত্যাগ-পূর্ব্বক যে নির্ব্বিশিষ্ট, নির্ভেদ-ব্রহ্মানুসন্ধান অথবা বোধরাহিত্যশূন্য নির্ব্বাণ লক্ষ্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করে, তাহাকে জ্ঞানবাদ বলে। নিজের সুখ-দুঃখ-ফল-লাভেচ্ছা, সুখ-দুঃখফল-লাভ-ত্যাগেচ্ছা—উভয় প্রকার এষণা-চালিত না হইয়া সর্ব্বদা কৃষ্ণসুখ-তাৎপর্য্য-বিশিষ্ট অপ্রাকৃতাবস্থানে ভক্তির নিত্য স্থিতি। ঠাকুর মহাশয় কৃষ্ণসুখতাৎপর্য্যবিশিষ্ট আত্মবিৎ নিত্য ভগবদ্ভক্ত ছিলেন। তিনি শ্রীচৈতন্যচরিতামৃত-লিখিত 'আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তারে বলি 'কাম'। কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা ধরে 'প্রেম' নাম॥'—এই বাক্যের কায়মনোবাক্যে নিত্যসেবক ছিলেন।

ঠাকুর মহাশয় শ্রীকৃষ্ণে সুদৃঢ়বিশ্বাসসম্পন্ন, কৃষ্ণসেবায় জাত-রতি ও হরি-রসের নিত্যপ্রেমিক ছিলেন। তিনি অনিত্য স্থূলদেহ-দ্বারা বা সঙ্কল্প-বিকল্পাত্মক অনিত্য মনের দ্বারা কৃষ্ণকে অনিত্য সেব্যজ্ঞানে ও আপনাকে অনিত্য-সেবকাভিমানে কোন দিনই কৃষ্ণানুশীলন করেন নাই এবং দুর্ব্বল জীবগণকেও তাদৃশ অনিত্য উপাসনা-মার্গে নিযুক্ত করেন নাই। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ অপ্রাকৃত তত্ত্ব কৃষ্ণকে কোন দিন মাটিয়া বা প্রাকৃত-বুদ্ধি দ্বারা জড়ের অন্যতম মনে করেন নাই। এ সকল কথা তাঁহার রচিত 'শরণাগতি,' 'ভজন-লালসা', 'বিজ্ঞপ্তি', 'নিবেদন' এবং 'কল্যাণ-কল্পতরু' প্রভৃতি গীতিসাহিত্যেও পরিস্ফুট আছে। তিনি জীবের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্যাণের জন্য বহু গ্রন্থ রচনা করিয়াছেন, তদ্দ্বারা নিরপেক্ষ পাঠক, জড়ের ভোগময় সুদুর্ভেদ্য শৃঙ্খল অতিক্রম করিয়া চিত্তের ভোগাতীত নির্ব্বেদ-ব্রহ্মানুসন্ধানরূপ আত্মবিনাশের হস্ত হইতে মুক্ত হইতে পারেন। তাঁহার লিখিত 'তত্ত্বসূত্র', 'শ্রীকৃষ্ণসংহিতা', 'শ্রীচৈতন্যশিক্ষামৃত', 'তত্ত্ববিবেক', 'জৈব-ধর্ম্ম' প্রভৃতি জ্বলন্ত আদর্শ গ্রন্থসমূহ বর্ত্তমান আছে।

ঠাকুর মহাশয় প্রকটকালে নানা স্থানে দ্বারে দ্বারে গিয়া সকল শ্রেণীর ব্যক্তির নিকট হরিকথা বলিয়াছেন। অনেক শ্রদ্ধাবন্ত অনসূয়াবিশিষ্ট শ্রোতৃবর্গ উহা ন্যূনাধিক গ্রহণ করিয়াছেন। ঠাকুর মহাশয়ের অপূর্ব্ব সরলতা, নিরপেক্ষতা, মহত্ত্ব, জড়াভিনিবেশে বিতৃষ্ণা, ভক্তিতে অধিকার, কারুণ্য প্রভৃতি সদ্গুণাবলি তাঁহার পরিচিত সকলেই উপলব্ধি করিয়াছেন।

ঠাকুর মহাশয় আব্রহ্ম-স্তম্ব পর্য্যন্ত যাবতীয় বস্তুর প্রীতিপাত্র ছিলেন। তাহাদের কৃষ্ণবিমুখতা লক্ষ্য করিয়া তাহাদিগকে আদর্শ-জ্ঞানে কোন দিন প্রীতি করেন নাই। ব্যতিরেক বিচারে সেই গুলি গ্রহণ না করিলেও প্রকাশ্যভাবে গ্রহণ করিয়া তাহাদের সঙ্গ হইতে দূরে ছিলেন। কনক-কামিনী-প্রতিষ্ঠাবশে ফলভোগী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্প্রদায় যেরূপ মিছা-ভক্তি প্রদর্শন করেন, তাদৃশ ভক্তি তাঁহার আদরের বিষয় ছিল না। তিনি মিছা ভক্তির আদর করেন নাই বলিয়া কর্ম্ম ও জ্ঞানাবৃত অন্যাভিলাষময়ী অভক্তির পৃষ্ঠপোষকও ছিলেন না। মিছাভক্তগণ যেরূপ জড়প্রীতি-সংগ্রহকল্পে যাবতীয় অভক্তিমূলক ক্রিয়ার আবাহন করেন, তাদৃশ ভক্তিবিরোধিনী চেষ্টা তাঁহার উপর কোন বিক্রম প্রকাশ করিতে পারে নাই।

তিনি নিরন্তর শ্রীহরিনাম করিতেন ও শ্রীনাম-মহিমসূচক গ্রন্থাদি রচনা করিতেন। 'শ্রীনামই জীবের একমাত্র উপাস্য বস্তু'—এরূপ দৃঢ় বিশ্বাস করিয়া তিনি জগতে নাম প্রচার করিয়াছেন। যে-সকল সম্প্রদায় কুমত পোষণ করেন, তিনি তাহাদিগের দুর্নীতি কোন দিন পোষণ করেন নাই, অথবা কাহাকেও তাঁহার সহিত ব্যক্তিগত মতভেদ আছে, বুঝাইয়া দিতেন না। প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবোন্মুখ সৌভাগ্যবান্‌কেই নিজের আত্মীয়জ্ঞানে নিরপেক্ষ কথা বলিতেন।

শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণবদাসানুদাস
শ্রীনিশিকান্ত সান্যাল
(সম্পাদক—শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভা)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সটীক-সংস্করণ-প্রকাশকের নিবেদন

গৌরনিজজন ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের নিজ শ্রীহস্ত-লিখিত পাণ্ডুলিপিতে ও তৎসম্পাদিত সজ্জনতোষণীর ৫ম বর্ষ, ১২শ সংখ্যার ২৩২ পৃষ্ঠায় ৩২ সংখ্যক গীতি পর্য্যন্তই "শরণাগতি" গ্রন্থের সমাপ্তি দৃষ্ট হয়। ৪৩২ শ্রীচৈতন্যাব্দে প্রকাশিত দ্বিতীয়-সংস্করণ 'শরণাগতি'তেও ঐ পর্য্যন্তই 'শরণাগতি' গ্রন্থ মুদ্রিত হইয়াছে। পরে শ্রীল রূপ গোস্বামি-প্রভু-কৃত 'উপদেশামৃতে'র শ্রীল ভক্তিবিনোদ-কৃত অনুবাদ-গীতি-সমূহকে ও তৎকৃত আরও কএকটি গীতিকে 'শরণাগতি'র অনুকূল বিষয়-বিচারে 'শরণাগতি'র অন্তর্গত করিয়া শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রচারিত হইয়াছে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের ঐ সকল গীতি তদ্রচিত 'উপদেশামৃত-ভাষা' (পদ্যানুবাদ)'হইতে পৃথক্।

"শরণাগতি'র গীতির বহুল প্রচারেই ভুবনমঙ্গল সাধিত হইবে"—পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের এই বাণী ও অভীষ্ট অনুসরণ করিয়া তদ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভীষ্টপরিপূরক গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি-প্রসাদ পুরী গোস্বামী মহারাজ দ্ব্যধিকশততম-বর্ষপূর্ত্তি-শ্রীভক্তি-বিনোদাবির্ভাব-তিথিতে বঙ্গভাষায় 'শরণাগতি'র একটি সটীক-সংস্করণ ও হিন্দী ভাষায় আর একটি সার্ব্বভৌম সংস্করণ বিতরণের উপদেশ করিয়াছেন।

বর্ত্তমান সংস্করণে অপেক্ষাকৃত বড় অক্ষরে (পাইকা) মূল ও তন্নিম্নে ক্ষুদ্র অক্ষরে টীকা মুদ্রিত হইয়া শ্রীলঠাকুরের ত্রিবর্ণের আলেখ্যের সহিত গৌড়ীয়মিশনের পরিচালক-সমিতি-কর্ত্তৃক প্রচারিত হইল। শ্রীমায়াপুর পরবিদ্যাপীঠের অধ্যাপক পণ্ডিতবর উপদেশক শ্রীপাদ রাধাগোবিন্দদাস কাব্যপুরাণরাগতীর্থ ভক্তিশাস্ত্রী প্রভু এবং কতিপয় পণ্ডিত সজ্জন প্রুফ্-সংশোধন ও নানাভাবে সহায়তা করিয়াছেন। এজন্য গৌড়ীয়মিশনের গভর্ণিং বডির পক্ষ হইতে তাঁহাদিগকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

পঙ্গুর গিরি-লঙ্ঘন-প্রয়াসের ন্যায় শ্রীগৌর-নিজজন ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের 'শরণাগতি'র টীকা রচনা করিবার প্রয়াস করিতে গিয়া আমার যে সকল ব্যক্তিগত ত্রুটী, বিচ্যুতি, ভ্রান্তি, ধৃষ্টতা ও অজ্ঞাত অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা পতিতপাবন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শুদ্ধবৈষ্ণবগণ এই অজ্ঞান-তিমিরান্ধকে কৃপাপূর্ব্বক প্রদর্শন করিলে পরবর্ত্তী সংস্করণে যথাসাধ্য সংশোধন করিবার চেষ্টা করিব।

শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার,
কলিকাতা
শ্রীশ্রীবামন-দ্বাদশী,
২৭ হৃষীকেশ, ৪৫৪ গৌরাব্দ ;
২৮ ভাদ্র, ১৩৪৭ বঙ্গাব্দ।

শ্রীশ্রীবৈষ্ণবদাসানুদাসাভাস
শ্রীসুন্দরানন্দদাস
সম্পাদক, 'গৌড়ীয়-মিশন'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভীষ্টপরিপূরক গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি-প্রসাদ পুরী গোস্বামী মহারাজ দ্ব্যধিকশততম-বর্ষপূর্ত্তি-শ্রীভক্তি-বিনোদাবির্ভাব-তিথিতে বঙ্গভাষায় 'শরণাগতি'র একটি সটীক-সংস্করণ ও হিন্দী ভাষায় আর একটি সার্ব্বভৌম সংস্করণ বিতরণের উপদেশ করিয়াছেন।

বর্ত্তমান সংস্করণে অপেক্ষাকৃত বড় অক্ষরে (পাইকা) মূল ও তন্নিম্নে ক্ষুদ্র অক্ষরে টীকা মুদ্রিত হইয়া শ্রীলঠাকুরের ত্রিবর্ণের আলেখ্যের সহিত গৌড়ীয়মিশনের পরিচালক-সমিতি-কর্ত্তৃক প্রচারিত হইল। শ্রীমায়াপুর পরবিদ্যাপীঠের অধ্যাপক পণ্ডিতবর উপদেশক শ্রীপাদ রাধাগোবিন্দদাস কাব্যপুরাণরাগতীর্থ ভক্তিশাস্ত্রী প্রভু এবং কতিপয় পণ্ডিত সজ্জন প্রুফ্-সংশোধন ও নানাভাবে সহায়তা করিয়াছেন। এজন্য গৌড়ীয়মিশনের গভর্ণিং বডির পক্ষ হইতে তাঁহাদিগকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

পঙ্গুর গিরি-লঙ্ঘন-প্রয়াসের ন্যায় শ্রীগৌর-নিজজন ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের 'শরণাগতি'র টীকা রচনা করিবার প্রয়াস করিতে গিয়া আমার যে সকল ব্যক্তিগত ত্রুটী, বিচ্যুতি, ভ্রান্তি, ধৃষ্টতা ও অজ্ঞাত অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা পতিতপাবন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শুদ্ধবৈষ্ণবগণ এই অজ্ঞান-তিমিরান্ধকে কৃপাপূর্ব্বক প্রদর্শন করিলে পরবর্ত্তী সংস্করণে যথাসাধ্য সংশোধন করিবার চেষ্টা করিব।

শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার,
কলিকাতা
শ্রীশ্রীবামন-দ্বাদশী,
২১ হৃষীকেশ, ৪৫৪ গৌরাব্দ ;
২৮ ভাদ্র, ১৩৪১ বঙ্গাব্দ।

শ্রীশ্রীবৈষ্ণবদাসানুদাসাভাস
শ্রীসুন্দরানন্দদাস
সম্পাদক, 'গৌড়ীয়-মিশন'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

টীকায় ব্যবহৃত সাঙ্কেতিক-চিহ্নাবলী

অ—অন্ত্য (খণ্ড বা লীলা), অধ্যায়।

আ—আদি (খণ্ড বা লীলা)।

চৈঃ চঃ—শ্রীচৈতন্যচরিতামৃত।

চৈঃ ভাঃ—শ্রীচৈতন্যভাগবত।

জৈঃ ধঃ—জৈবধর্ম্ম।

পূঃ—পূর্ব্ববিভাগ।

ভঃ রঃ সিঃ—শ্রীভক্তিরসামৃতসিন্ধু।

ভাঃ—শ্রীমদ্ভাগবত।

ম—মধ্য (খণ্ড বা লীলা)।

লঃ—লহরী।

শ্বেতাশ্বঃ—শ্বেতাশ্বতর উপনিষৎ।

সঃ তোঃ—সজ্জনতোষণী (পত্রিকা)।

হঃ চিঃ—শ্রীহরিনাম-চিন্তামণি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাতৃকাক্রমে প্রথমচরণের

সূচী

অহং মম শব্দ	...	২৯
আত্মনিবেদন তুয়া পদে	...	৩৫
আত্মসমর্পণে গেলা	...	৪৯
আমার জীবন	...	১৩
আমার বলিতে প্রভু	...	৩১
আমি ত স্বানন্দ	...	৬০
এখন বুঝিনু প্রভু	...	৪৫
এমন দুর্ম্মতি	...	২০
ওহে ! বৈষ্ণব ঠাকুর	...	৮৩
কবে গৌর-বনে	...	৯৭
কবে হ'বে বল	...	১০৪
কহবুঁ কি	...	২৫
কি জানি কি বলে	...	৩৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃষ্ণ-নাম ধরে কত বল	...	১০৮
কেশব্ তুয়া	...	৫৪
গুরুদেব ! কবে তব	...	৯৫
গুরুদেব ! কবে মোর	...	৯৩
গুরুদেব ! কৃপাবিন্দু	...	৯২
গুরুদেব ! বড় কৃপা করি'	...	৮৯
গোদ্রুমধামে ভজন-	...	৬৪
ছোড়ত পুরুষ-অভিমান	...	৫১
তুমি ত' মারিবে যারে	...	৪৭
তুমি সর্ব্বেশ্বরেশ্বর	...	৪৪
তুয়া ভক্তি-অনুকূল	...	৬২
তুয়া ভক্তি-প্রতিকূল	...	৫৭
দারা-পুত্র নিজ দেহ	...	৪০
দেখিতে দেখিতে	...	৯৮
না করলুঁ করম	...	২৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিবেদন করি প্রভু	...	৩৪
(প্রভু হে !) এমন দুর্ম্মতি	...	২০
প্রভু হে ! তুয়া পদে	...	১৮
(প্রভু হে !) শুন মোর	...	১৫
(প্রাণেশ্বর !) কহবুঁ কি	...	২৫
বস্তুতঃ সকলি তব	...	৩২
বিদ্যার বিলাসে	...	৮
বিষয়-বিমূঢ় আর	...	৫৮
বৃষভানু-সুতা	...	১০১
ভুলিয়া তোমারে	...	৫
মানস দেহ গেহ	...	২৭
যৌবনে যখন	...	১১
রাধাকুণ্ডতট	...	৭১
শুদ্ধ ভকত	...	৬৭
শুন মোর	...	১৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু	...	১
সর্ব্বস্ব তোমার	...	৪১
হরি হে ! অর্থের সঞ্চয়ে	...	৭৫
হরি হে ! তোমারে ভুলিয়া	...	৮৫
হরি হে ! দান-প্রতিগ্রহ	...	৭৮
হরি হে ! নীরধর্ম্মগত	...	৮২
হরি হে ! প্রপঞ্চে পড়িয়া	...	৭৩
হরি হে ! ভজনে উৎসাহ	...	৭৭
হরি হে ! শ্রীরূপ গোসাঞি	...	৮৭
হরি হে ! সঙ্গদোষশূন্য	...	৮০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বসিয়া শুইয়া, তোমার চরণ,
চিন্তিব সতত আমি।
নাচিতে নাচিতে, নিকটে যাইব,
যখন ডাকিবে তুমি ॥ ৪
নিজের পোষণ, কভু না ভাবিব,
রহিব ভাবের ভরে।
ভকতি বিনোদ, তোমারে পালক,
বলিয়া বরণ করে ॥ ৫

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের
নিজ শ্রীহস্ত-লিখিত 'শরণাগতি'র
পাণ্ডুলিপির আদর্শ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগোদ্রুমচন্দ্রায় নমঃ

শরণাগতি

[১]

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু জীবে দয়া করি' ।
স্বপার্ষদ স্বীয় ধাম সহ অবতরি' ॥ ১ ॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

কণিকা

মঙ্গলাচরণ

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া ।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্ ।
যৎকৃপা তমহং বন্দে শ্রীগুরুং দীনতারণম্ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নম ওঁ বিষ্ণুপাদায় কৃষ্ণপ্রেষ্ঠায় ভূতলে।
শ্রীমতে ভক্তিসিদ্ধান্ত-সরস্বতীতি-নামিনে ॥
নমস্তে গৌরবাণী-শ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
রূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারিণে ॥
নম ওঁ বিষ্ণুপাদায় বাণীপ্রেষ্ঠস্বরূপিণে।
শ্রীমদ্ভক্তিপ্রসাদায় পুরীগোস্বামিনে নমঃ ॥
নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দ-নামিনে।
গৌরশক্তিস্বরূপায় রূপানুগবরায় তে ॥

শ্রীশ্রীস্বরূপ-রূপানুগবরা শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌরবাণীর সিদ্ধান্ত-কীর্ত্তন-বিগ্রহস্বরূপ অহৈতুক পরদুঃখদুঃখী গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্য্য গৌড়-ব্রজ-জন পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদপুরী গোস্বামী মহারাজের অযাচিত কৃপাদেশ ও অহৈতুক আশীর্ব্বাদ শিরে ধারণ করিয়া গৃহান্ধকূপের বিষয়-বিষ্ঠা-গর্ত্তে পতিত একটী ঘৃণিত কীট আত্মমঙ্গল-লাভ ও গুরুবর্গের সন্তোষ-বিধানের আশায় ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ঠাকুর সচ্চিদানন্দ ভক্তিবিনোদের 'শরণাগতি'-গীতির 'কণিকা' নাম্নী টীকা রচনা করিবার ধৃষ্টতা করিতেছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অত্যন্ত দুর্ল্লভ প্রেম করিবারে দান।
শিখায় শরণাগতি ভকতের প্রাণ ॥ ২ ॥
দৈন্য আত্মনিবেদন গোপ্তৃত্বে বরণ।
অবশ্য রক্ষিবে কৃষ্ণ বিশ্বাস পালন ॥ ৩ ॥

শ্রীশ্রীভক্তিবিনোদ-ধারায় স্নাত পতিতপাবন শুদ্ধবৈষ্ণবগণের কৃপায় ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শ্রীমুখাব্জপ্রকাশিতা শরণাগতির "কণিকা" হৃদয়ে স্ফূর্ত্তি লাভ করুক, ইহাই তাঁহাদের শ্রীচরণে সকাকু প্রার্থনা।

শ্রীকৃষ্ণচৈতন্য নিজ-পরিকর (পার্ষদ) ও ধাম-সহ গোলোকে ও ভূলোকে অপ্রকট ও প্রকট-লীলায় নিত্য প্রকাশিত। তিনি নিত্য অপ্রাকৃত সবিশেষ বাস্তব সত্য। ইহাই পদকর্ত্তার অভিপ্রায় ॥ ১ ॥

অত্যন্ত দুর্ল্লভ প্রেম—অনর্পিতচরী উন্নতোজ্জ্বলরসময়ী 'ভক্তি' বা বিপ্রলম্ভাত্মক 'প্রেম' ॥ ২ ॥

দৈন্য—বিপ্রলম্ভ-জনিত তৃণাদপি সুনীচতা ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তি-অনুকূলমাত্র কার্য্যের স্বীকার।
ভক্তি-প্রতিকূল-ভাব-বর্জ্জনাঙ্গীকার ॥ ৪ ॥
ষড়ঙ্গ শরণাগতি হইবে যাঁহার।
তাঁহার প্রার্থনা শুনে শ্রীনন্দকুমার ॥ ৫ ॥
রূপসনাতন-পদে দন্তে তৃণ করি'।
ভকতিবিনোদ পড়ে দুহুঁ পদ ধরি' ॥ ৬ ॥

ষড়ঙ্গ—ছয়টি অঙ্গবিশিষ্ট। শ্রীভক্তিরসামৃতসিন্ধু ও শ্রীহরিভক্তিবিলাস-ধৃত 'বৈষ্ণবতন্ত্র'-বাক্য—"আনুকূল্যস্য সংকল্প প্রাতিকূল্যবিবর্জ্জনম্। রক্ষিষ্যতীতি বিশ্বাসো গোপ্তৃত্বে বরণং তথা। আত্মনিক্ষেপকার্পণ্যে ষড়বিধা শরণাগতিঃ ॥" এই ষড়ঙ্গের মধ্যে 'কৃষ্ণ'কে গোপ্তৃত্বে বরণই শরণাগতির 'অঙ্গী'; অন্যান্য পাঁচটী অঙ্গ ॥ ৫ ॥

শ্রীহস্তলিখিত পাণ্ডুলিপিতে 'দুহুঁ পদ ধরি' পাঠ আছে। কিন্তু 'সজ্জনতোষণী'তে 'দুই পদ ধরি' মুদ্রিত হইয়াছে ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাঁদিয়া কাঁদিয়া বলে আমি ত' অধম।
শিখায়ে শরণাগতি কর হে উত্তম ॥ ৭ ॥

তত্রাদৌ দৈন্যাত্মকনিবেদন

[২]

ভুলিয়া তোমারে, সংসারে আসিয়া,
পেয়ে নানাবিধ ব্যথা।
তোমার চরণে, আসিয়াছি আমি,
বলিব দুঃখের কথা ॥ ১ ॥

কৃষ্ণবিস্মৃতি হইতেই সংসার বা জন্মমরণ মালা। "কৃষ্ণ ভুলি' সেই জীব অনাদিবহির্ম্মুখ। অতএব মায়া তা'রে দেয় সংসারাদি দুঃখ॥"—(চৈঃ চঃ ম ২০।১১৭) ; নানাবিধ ব্যথা—বহুপ্রকার আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক ত্রিতাপ। অবিদ্যা, অস্মিতা, অভিনিবেশ, রাগ ও দ্বেষ এই পঞ্চক্লেশ বা ব্যথা ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জননী-জঠরে, ছিলাম যখন,
বিষম বন্ধনপাশে।
একবার প্রভু, দেখা দিয়া মোরে,
বঞ্চিলে এ দীন দাসে ॥ ২ ॥
তখন ভাবিনু, জনম পাইয়া,
করিব ভজন তব।
জনম হইল, পড়ি' মায়া-জালে
না হইল জ্ঞান-লব ॥ ৩ ॥

'একবার প্রভু……দীন দাসে।'—"যদত্র তৃতীয়ে (ভাঃ ৩।৩১।১২-২১) গর্ভস্থস্য জীবস্য ভগবতঃ স্তুতিঃ শ্রূয়তে, তস্যৈব চ সংসারোঽপি বর্ণ্যতে, তত্রোচ্যতে—জাত্যেকত্বেন তদ্বর্ণনমিতি; বস্তুতস্তু কশ্চিদেব জীবো ভাগ্যবান্ ভগবন্তং স্তৌতি, স চ নিস্তরত্যপি; নতু সর্ব্বস্যাপি ভগবজ্জ্ঞানং ভবতি।"—(ভক্তিসন্দর্ভ ১৫১ সংখ্যা) শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধে গর্ভস্থ জীবের ভগবৎস্তুতি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আদরের ছেলে, স্বজনের কোলে
হাঁসিয়া কাটানু কাল।
জনক-জননী- স্নেহেতে ভুলিয়া,
সংসার লাগিল ভাল ॥ ৪ ॥
ক্রমে দিন দিন, বালক হইয়া,
খেলিনু বালক-সহ।
আর কিছু দিনে, জ্ঞান উপজিল,
পাঠ পড়ি অহরহঃ ॥ ৫ ॥

ও তাহারই পুনরায় সংসার দশা বর্ণিত হইয়াছে। তথায় ভগবৎ-স্তুতিকারী ও সংসার-দশাগ্রস্ত জীব একই ব্যক্তি নহেন। ঐ স্থলে জীবত্ব জাতি-অনুসারে উভয়ের ঐক্য-নিবন্ধনই একরূপে বর্ণিত হইয়াছে। বস্তুতঃ, গর্ভদশায় কোন কোন ভাগ্যবান্ জীবই ভগবান্‌কে স্তব করিয়া থাকেন এবং সেইরূপ জীবই সংসার হইতে নিস্তার লাভ করেন, সকলেরই গর্ভাবস্থায় ভগবজ্‌জ্ঞান বা ভগবদ্-দর্শন হয় না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিদ্যার গৌরবে, ভ্রমি দেশে দেশে,
ধন উপার্জ্জন করি।
স্বজন পালন, করি একমনে,
ভুলিনু তোমারে হরি ॥ ৬ ॥
বার্দ্ধক্যে এখন, ভকতিবিনোদ,
কাঁদিয়া কাতর অতি।
না ভজিয়া তোরে, দিন বৃথা গেল,
এখন কি হবে গতি ॥ ৭ ॥

[৩]

বিদ্যার বিলাসে, কাটাইনু কাল,
পরম সাহসে আমি।

শ্রীমদ্ভাগবত ৩য় স্কন্ধ ৩১শ অধ্যায় ও শ্রীচৈতন্যভাগবত মধ্য খণ্ড, ১ম অধ্যায়ে গর্ভস্থ জীবের বিভিন্ন দশা ও সৌভাগ্যবান্ জীবের স্তুতি প্রভৃতি বিষয় বর্ণিত আছে ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তোমার চরণ, না ভজিনু কভু,
এখন শরণ তুমি ॥ ১ ॥
পড়িতে পড়িতে, ভরসা বাড়িল,
জ্ঞানে গতি হবে মানি।
সে আশা বিফল, সে জ্ঞান দুর্ব্বল,
সে জ্ঞান অজ্ঞান জানি ॥ ২ ॥
জড়বিদ্যা যত, মায়ার বৈভব,
তোমার ভজনে বাধা।
মোহ জনমিয়া, অনিত্য সংসারে,
জীবকে করয়ে গাধা ॥ ৩ ॥

'জড়বিদ্যা যত······জীবকে করয়ে গাধা ॥'—জড়বিদ্যা—অপরা বিদ্যা, যদ্দ্বারা অধোক্ষজ শ্রীকৃষ্ণ সেবায় মতি না হইয়া দাম্ভিকতা, নাস্তিকতা ও সংসারে আসক্তি হয়। "শাস্ত্রের না জানে মর্ম্ম, অধ্যাপনা করে। গর্দ্দভের প্রায় যেন শাস্ত্র বহি' মরে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই গাধা হ'য়ে, সংসারের বোঝা,
বহিনু অনেক কাল।
বার্দ্ধক্যে এখন, শক্তির অভাবে,
কিছু নাহি লাগে ভাল ॥ ৪ ॥
জীবনযাতনা, হইল এখন,
সে বিদ্যা অবিদ্যা ভেল।
অবিদ্যার জ্বালা, ঘটিল বিষম,
সে বিদ্যা হইল শেল ॥ ৫ ॥
তোমার চরণ, বিনা কিছু ধন,
সংসারে না আছে আর।
ভকতিবিনোদ জড়বিদ্যা ছাড়ি'
তুয়া পদ করে সার ॥ ৬ ॥

পড়িঞা, শুনিঞা লোক গেল ছারে-খারে। কৃষ্ণ-মহামহোৎসবে বঞ্চিলা তাহারে ॥" —(চৈঃ ভাঃ ম ১।১৫৮-১৫৯) ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৪]

যৌবনে যখন ধন-উপার্জ্জনে,
হইনু বিপুল কামী।
ধরম স্মরিয়া, গৃহিণীর কর,
ধরিনু তখন আমি ॥ ১ ॥
সংসার পাতা'য়ে, তাহার সহিত
কালক্ষয় কৈনু কত।
বহু সুত-সুতা, জনম লভিল,
মরমে হইনু হত ॥ ২ ॥
সংসারের ভার, বাড়ে দিনে দিনে,
অচল হইল গতি।

'ধরম স্মরিয়া.........ধরিনু তখন আমি।'—"ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে। তয়া হি সহিতঃ সর্ব্বান্ পুরুষার্থান্ সমশ্নুতে।"—(চৈঃ চঃ অা ১৫।২৭ সংখ্যা-ধৃত স্মৃতিবচন) ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বার্দ্ধক্য আসিয়া, ঘেরিল আমারে,
অস্থির হইল মতি ॥ ৩ ॥
পীড়ায় অস্থির, চিন্তায় জ্বরিত,
অভাবে জ্বলিত চিত।
উপায় না দেখি, অন্ধকারময়,
এখন হ'য়েছি ভীত ॥ ৪ ॥
সংসার-তটিনী- স্রোত নহে শেষ,
মরণ নিকটে ঘোর।
সব সমাপিয়া, ভজিব তোমায়,
এ আশা বিফল মোর ॥ ৫ ॥
এবে শুন প্রভু, আমি গতিহীন,
ভকতিবিনোদ কয়।
তব কৃপা বিনা, সকলি নিরাশা,
দেহ' মোরে পদাশ্রয় ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৫]

আমার জীবন, সদা পাপে রত,
নাহিক পুণ্যের লেশ।
পরেরে উদ্বেগ, দিয়াছি যে কত,
দিয়াছি জীবেরে ক্লেশ ॥ ১ ॥
নিজ সুখ লাগি', পাপে নাহি ডরি,
দয়াহীন স্বার্থপর।
পর সুখে দুঃখী, সদা মিথ্যাভাষী,
পরদুঃখ সুখকর ॥ ২ ॥
অশেষ কামনা, হৃদি মাঝে মোর,
ক্রোধী দম্ভপরায়ণ।
মদমত্ত সদা, বিষয়ে মোহিত,
হিংসাগর্ব্ব-বিভূষণ ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিদ্রালস্য-হত, সুকার্য্যে বিরত,
অকার্য্যে উদ্যোগী আমি।
প্রতিষ্ঠা লাগিয়া, শাঠ্য আচরণ,
লোভহত সদা কামী ॥ ৪ ॥
এ হেন দুর্জ্জন, সজ্জন-বর্জ্জিত,
অপরাধী নিরন্তর।
শুভকার্য্যশূন্য, সদানর্থমনাঃ,
নানা দুঃখে জর জর ॥ ৫ ॥
বার্দ্ধক্যে এখন, উপায়বিহীন,
তা'তে দীন অকিঞ্চন।
ভকতিবিনোদ, প্রভুর চরণে,
করে দুঃখ নিবেদন ॥ ৬ ॥

সদানর্থমনাঃ—সর্ব্বদা অনর্থযুক্ত মনোবিশিষ্ট। ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৬]

(প্রভু হে !) শুন মোর দুঃখের কাহিনী ।
বিষয়-হলাহল, সুধাভানে পিয়লুঁ,
আব্ অবসান দিনমণি ॥ ১ ॥
খেলারসে শৈশব, পড়ইতে কৈশোর
গোঁয়াওলুঁ না ভেল বিবেক ।

"অপরাধ-সহস্রভাজনং পতিতং ভীমভবার্ণবোদরে। অগতিং শরণাগতং হরে কৃপয়া কেবলমাত্মসাৎ কুরু ॥" (স্তোত্ররত্নম্ ৪৫) হে হরে! সহস্র সহস্র অপরাধের পাত্র ও ভয়ঙ্কর ভবসমুদ্র-গর্ভে নিমগ্ন, নিরুপায়রূপে আপনার আশ্রয়প্রাপ্ত আমাকে কৃপা-সহকারে কেবল নিজজনরূপে গ্রহণ করুন ॥ ৫ ॥

অকিঞ্চন—(ন = অ—কিঞ্চন—কিছু) যাহার কিছুই নাই ॥ ৬ ॥

সুধাভানে—'অমৃত'-ভ্রমে ; পিয়লুঁ—পান করিলাম ; আব্—এখন ; দিনমণি—সূর্য্য ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri
SRI GAUDIYA MATH
Baranghat
MUTTRA, U. P.

ভোগবশে যৌবনে, ঘর পাতি' বসিলুঁ,
স্থত-মিত বাড়ল অনেক ॥ ২ ॥

বৃদ্ধকাল আওল, সব স্থখ ভাগল,
পীড়া-বশে হইনু কাতর।
সর্ব্বেন্দ্রিয় দুর্ব্বল, ক্ষীণ কলেবর,
ভোগাভাবে দুঃখিত অন্তর ॥৩॥

কৈশোর—দশম বর্ষ হইতে পঞ্চদশ বর্ষকাল; পড়ইতে—পড়া-শুনা বা বিদ্যা শিক্ষা করিতে; গোঁয়াওলুঁ—গোঁয়াইলাম, অতিবাহিত করিলাম; ঘর পাতি'—ঘর পাতিয়া অর্থাৎ বিবাহাদি করিয়া; বসিলুঁ—বসিলাম; স্থত-মিত—পুত্র-মিত্র; বাড়ল—বৃদ্ধিপ্রাপ্ত হইল। স্বহস্তলিখিত পাণ্ডুলিপিতে 'ভোগবশে' স্থলে 'আশাবশে' দৃষ্ট হয় ॥ ২ ॥

আওল—আসিল; ভাগল—ভাগিয়া গেল, পলাইল, বিনষ্ট হইল ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জ্ঞান-লব-হীন, ভক্তিরসে বঞ্চিত,
আর মোর কি হবে উপায়।
পতিতবন্ধু তুহুঁ, পতিতাধম হাম,
কৃপায় উঠাও তব পায় ॥ ৪ ॥

বিচারিতে আবহি, গুণ নাহি পাওবি,
কৃপা কর, ছোড়ত বিচার।
তব পদ-পঙ্কজ- সীধু পিবাওত
ভকতিবিনোদে কর পার ॥৫॥

তুহুঁ—তুমি ; হাম—আমি ॥ ৪ ॥

বিচারিতে—বিচার করিতে ; আবহি—এখন ; পাওবি—পাইবে ; ছোড়ত—ছাড়, পরিত্যাগ কর ; সীধু—মধু ; পিবাওত—পান করাও ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৭]

প্রভু হে ! তুয়া পদে এ মিনতি মোর ।
তুয়া পদপল্লব, ত্যজত মরুমন,
বিষম বিষয়ে ভেল ভোর ॥১॥
উঠয়িতে তাকত, পুন নাহি মিলই,
অনুদিন করহুঁ হুতাশ ।
দীনজন-নাথ, তুহুঁ কহায়সি,
তোমারি চরণ মম আশ ॥২॥

তুয়া—তোমার ; ত্যজত—ত্যাগ করিয়া ; মরুমন—মরুভূমি-সদৃশ শুষ্ক হৃদয় ; ভোর—নিমগ্ন ; ভেল—হইল । ॥ ১ ॥

উঠয়িতে—নিজেকে উদ্ধার করিতে ; তাকত—শক্তি, বল ; পুন—পুনরায় ; না মিলই—পাওয়া যাইতেছে না ; করহুঁ—করি বা করিতেছি ; অনুদিন—প্রত্যহ ; কহায়সি—কথিত হও ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঐছন দীনজন, কঁহি নাহি মিলই,
তুহুঁ মোরে কর পরসাদ।
তুয়া জন-সঙ্গে, তুয়া কথারঙ্গে,
ছাড়হুঁ সকল পরমাদ ॥৩॥

তুয়া ধাম-মাহে, তুয়া নাম গাওত,
গোঁয়ায়বুঁ দিবানিশি আশ।
তুয়া পদছায়া, পরম সুশীতল,
মাগে ভকতিবিনোদ দাস ॥৪॥

ঐছন—ঐরূপ ; কঁহি—কোথায়ও ; পরসাদ—প্রসাদ, কৃপা ॥ ৩ ॥

মাহে—মধ্যে, মাঝে ; গাওত—গান করিয়া ; গোঁয়ায়বুঁ—কাটাইব ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৮]

(প্রভু হে !)

এমন দুর্ম্মতি, সংসার ভিতরে,
পড়িয়া আছিনু আমি।
তব নিজ জন, কোন মহাজনে,
পাঠাইয়া দিলে তুমি ॥১॥
দয়া করি' মোরে, পতিত দেখিয়া,
কহিল আমারে গিয়া।
ওহে দীনজন, শুন ভাল কথা,
উল্লসিত হ'বে হিয়া ॥২॥

শ্রীহস্তলিখিত পাণ্ডুলিপিতে প্রথমেই বন্দনীর মধ্যে 'প্রভু হে!' পদ দৃষ্ট হয়। কিন্তু, 'সজ্জনতোষণী'তে সেই পদ মুদ্রিত হয় নাই; তব নিজজন—শ্রীশ্রীগৌরকৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম, ভগবৎ-পার্ষদ, ভগবানের প্রকাশবিগ্রহ ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তোমারে তারিতে, শ্রীকৃষ্ণচৈতন্য,
নবদ্বীপে অবতার।
তোমা হেন কত, দীন হীন জনে,
করিলেন ভবপার ॥৩॥

বেদের প্রতিজ্ঞা, রাখিবার তরে,
রুক্মবর্ণ বিপ্রসুত।
মহাপ্রভু নামে, নদীয়া মাতায়,
সঙ্গে ভাই অবধূত ॥৪॥

বেদের প্রতিজ্ঞা—"মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্ত্বস্যৈষ প্রবর্ত্তকঃ।" —(শ্বেতাশ্বঃ ৩।১২)। বেদের এইমন্ত্রে যে উক্তি আছে, তাহা সার্থক করিবার জন্য শ্রীগৌরাবতার ॥ ৪ ॥

রুক্মবর্ণ—সোণার রঙ, পুরটসুন্দরদ্যুতি, "যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্" (মুণ্ডক ৩।৩) ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নন্দসুত যিনি, চৈতন্য গোসাঞী,
নিজ নাম করি' দান ।
তারিল জগৎ, তুমিও যাইয়া,
লহ নিজ পরিত্রাণ ॥৫॥
সে কথা শুনিয়া, আসিয়াছি নাথ,
তোমার চরণতলে ।
ভকতিবিনোদ, কাঁদিয়া কাঁদিয়া,
আপন কাহিনী বলে ॥৬॥

অবধূত—যিনি বর্ণ ও আশ্রম পরিত্যাগ বা অতিক্রম করত সর্ব্বদা আত্মতত্ত্বে প্রতিষ্ঠিত, সেই বর্ণাশ্রমাতীত যোগি-পুরুষ অবধূত বলিয়া উক্ত হন। তিনি অক্ষরত্ব-হেতু 'অ', বরেণ্যত্ব বা পূজনীয়ত্বহেতু 'ব', সংসারবন্ধন হইতে ধূত (নির্ম্মুক্ত) বলিয়া 'ধূ' এবং 'তত্ত্বমসি' বাক্যের অর্থ- সিদ্ধিহেতু 'ত'-বর্ণের দ্বারা 'অবধূত'-পদবাচ্য ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বিতীয়তঃ আত্মনিবেদন

[৯]

না করলুঁ করম, গেয়ান নাহি ভেল,
না সেবিলুঁ চরণ তোহার।
জড়সুখে মাতিয়া, আপনকু বঞ্চই,
পেখহুঁ চৌদিশ আন্ধিয়ার ॥১॥
তুহুঁ নাথ করুণানিদান।
তুয়া পদপঙ্কজে আত্ম সমর্পিলুঁ,
মোরে কৃপা করবি বিধান ॥২॥

করলুঁ—করিলাম ; করম—কর্ম্ম ; গেয়ান—জ্ঞান ; ভেল—হইল ; সেবিলুঁ—সেবা করিলাম ; তোহার—তোমার ; আপনকু—আপনাকে, নিজেকে ; বঞ্চই—বঞ্চনা করিয়া ; পেখহুঁ—দেখিতেছি ; চৌদিশ—চারি দিক্ ; আন্ধিয়ার—অন্ধকার ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতিজ্ঞা তোহার ঐ, যো শরণাগত,
নাহি সো জানব পরমাদ।
সো হাম দুষ্কৃতি, গতি না হেরই আন,
আব্ মাগোঁ তুয়া পরসাদ ॥৩॥
আন মনোরথ, নিঃশেষ ছোড়ত,
কব্ হাম হউবুঁ তোহারা।

তুহুঁ—তুমি ; নিদান—মূল কারণ ; তুয়া—তোমার ॥ ২ ॥

"ন ধর্ম্মনিষ্ঠোঽস্মি ন চাত্মবেদী ন ভক্তিমাংস্ত্বচ্চরণারবিন্দে। অকিঞ্চনোঽনন্যগতিঃ শরণ্য ত্বৎপাদমূলং শরণং প্রপদ্যে ॥"—(স্তোত্ররত্নম্ ১৯) হে শরণ্য! প্রভো! আমি ধর্ম্মে নিষ্ঠাযুক্ত নহি, আত্মতত্ত্বজ্ঞ নহি, ভবদীয় শ্রীচরণকমলে ভক্তিমান্‌ও নহি, পরন্তু সর্ব্বস্ব-রহিত ও অন্যগতিহীন হইয়া আপনার পাদমূল আশ্রয়রূপে অবলম্বন করিতেছি ॥ ২ ॥

সো—সেই ; পরমাদ—প্রমাদ ; হেরই—দেখিয়া ; আন—অন্য ; মাগোঁ—মাগিতেছি, প্রার্থনা করিতেছি ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিত্য সেব্য তুহুঁ, মুঞি নিত্য-সেবক,
ভকতিবিনোদ ভাব সারা ॥৪॥

[১০]

(প্রাণেশ্বর !) কহবুঁ কি সরম কি বাত্ ।
ঐছন পাপ নাহি, যো হাম ন করলুঁ,
সহস্র সহস্র বেরি নাথ ॥১॥

আন মনোরথ—অন্য অভিলাষ; নিঃশেষ—নিঃশেষে, সম্পূর্ণভাবে; হউবুঁ—হইব; তোহারা—তোমার ॥ ৪ ॥

'কহবুঁ কি সরম কি বাত্'—লজ্জার কথা আর কি কহিব; ঐছন—ঐরূপ; বেরি—বার ॥ ১ ॥

"ন নিন্দিতং কর্ম্ম তদস্তি লোকে সহস্রশো যন্ন ময়া ব্যধায়ি। সোঽহং বিপাকাবসরে মুকুন্দ ক্রন্দামি সম্প্রত্যগতিস্তবাগ্রে ॥" (স্তোত্ররত্নম্ ২০) হে মুকুন্দ ! জগতে তাদৃশ নিন্দিত কার্য্য নাই, যাহা আমার দ্বারা সহস্রবার অনুষ্ঠিত না হইয়াছে। সেই পরম দুরাচার আমি সম্প্রতি পাপসমূহের ফল-ভোগকালে নিরুপায় হইয়াই আপনার সম্মুখে রোদন করিতেছি ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সোহি করম-ফল, ভবে মোকে পেশই,
দোখ দেওব আব্ কাহি।
তখনক পরিণাম, কছু না বিচারণু,
আব্ পছু তরইতে চাহি ॥২॥

দোখ বিচারই, তুহুঁ দণ্ড দেওবি,
হাম ভোগ করবুঁ সংসার।
করত গতাগতি, ভকতজন-সঙ্গে,
মতি রহু চরণে তোহার ॥৩॥

সোহি—সেই ; ভবে—সংসারে ; মোকে—আমাকে ; পেশই—পেষণ করে, ক্লিষ্ট করে ; দোখ—দোষ ; দেওব—দিব ; আব্—এখন ; কাহি,—কাহাকে ; তখনক—সেই সময়ে ; কছু—কিছু ; বিচারণু—বিচার করিলাম ; পছু—পাছে, পশ্চাৎ ; তরইতে—উত্তীর্ণ হইতে ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আপন চতুরপণ, তুয়া পদে সোঁপলুঁ,
হৃদয়-গরব দূরে গেলা।
দীন দয়াময়, তুয়া কৃপা নিরমল,
ভকতিবিনোদ আশা ভেলা ॥৪॥

[১১]

মানস দেহ গেহ যো কিছু মোর।
অর্পিলুঁ তুয়া পদে নন্দকিশোর ॥১॥

বিচারই—বিচার করিয়া ; দেওবি—দিবে ; করত গতাগতি—গতাগতি অর্থাৎ নানাযোনি ভ্রমণ করিবার কালে ; রহ—থাকুক ॥ ৩ ॥

চতুরপণ—চতুরপণা অর্থাৎ চতুরতা, কপটতা ; অথবা চতুর্—চারি, পণ—মূল্য ; অর্থাৎ চতুর্ব্বর্গ—ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ ; গরব—গর্ব্ব, অহঙ্কার ; ভেলা—হইল ॥ ৪ ॥

গেহ—গৃহ ; যো—যাহা ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্পদে বিপদে জীবনে মরণে।
দায় মম গেলা, তুয়া ও-পদ বরণে ॥২॥
মারবি রাখবি যো ইচ্ছা তোহারা।
নিত্যদাস প্রতি তুয়া অধিকারা ॥৩॥
জন্মাওবি মোএ ইচ্ছা যদি তোর।
ভক্তগৃহে জনি জন্ম হউ মোর ॥৪॥
কীটজন্ম হউ যথা তুয়া দাস।
বহির্ম্মুখ ব্রহ্মজন্মে নাহি আশ ॥৫॥

দায়—সঙ্কট, বিপদ্ ॥ ২ ॥

জন্মাওবি—যদি জন্ম গ্রহণ করাইবে; মোএ—(পাঠান্তর 'মুঝে') আমাকে; জনি—যেন; হউ—হউক্ ॥ ৪ ॥

'কীট জন্ম……নাহি আশ ॥'—শ্রীযামুনাচার্য্য-কৃত "স্তোত্র-রত্নে"র ৫২ শ্লোক আলোচ্য।—"তব দাস্যসুখৈক-সঙ্গিনাং ভবনেষ্বস্তপি কীটজন্ম মে। ইতরাবসথেষু মাস্ম ভূদপি মে জন্ম

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভুক্তি-মুক্তিস্পৃহা-বিহীন যে ভক্ত।
লভইতে তাঁক সঙ্গ অনুরক্ত ॥৬॥
জনক জননী দয়িত তনয়।
প্রভু গুরু পতি তুহুঁ সর্ব্বময় ॥৭॥
ভকতিবিনোদ কহে শুন কান।
রাধানাথ তুহুঁ হামার পরাণ ॥৮॥

[১২]

অহং মম শব্দ অর্থে যাহা কিছু হয়।
অর্পিলুঁ তোমার পদে ওহে দয়াময় ॥ ১ ॥

চতুর্ম্মুখাত্মনা।" অর্থাৎ আপনার দাস্য-সুখেই যাঁহারা অনন্যাসক্ত, তাঁহাদের গৃহে আমার কীট-রূপেও জন্ম হউক্; পরন্তু, ভগবদ্দাস্য-বিমুখগণের গৃহে আমার ব্রহ্মরূপেও জন্ম না হউক্ ॥ ৫ ॥

কান—কানু, কৃষ্ণ ॥ ৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমার আমি ত' নাথ না রহিনু আর।
এখন হইনু আমি কেবল তোমার ॥ ২ ॥

আমি-শব্দে দেহী জীব অহংতা ছাড়িল।
ত্বদীয়াভিমান আজি হৃদয়ে পশিল ॥ ৩ ॥

আমার সর্ব্বস্ব দেহ গেহ অনুচর।
ভাই বন্ধু দারা সুত দ্রব্য দ্বার ঘর ॥ ৪ ॥

সে সব হইল তব আমি হৈনু দাস।
তোমার গৃহেতে এবে আমি করি বাস ॥৫॥

তুমি গৃহস্বামী আমি সেবক তোমার।
তোমার সুখেতে চেষ্টা এখন আমার ॥৬॥

অহংতা—'অহং-মম' নামাপরাধ ; ত্বদীয়াভিমান—তোমার দাসানুদাসাভিমান ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্থূল-লিঙ্গ-দেহে মোর সুকৃত দুষ্কৃত।
আর মোর নহে, প্রভু আমি ত নিষ্কৃত ॥৭॥
তোমার ইচ্ছায় মোর ইচ্ছা মিশাইল।
ভকতিবিনোদ আজ আপনে ভুলিল ॥৮॥

[১৩]

আমার বলিতে প্রভু আর কিছু নাই।
তুমিই আমার মাত্র পিতা বন্ধু ভাই ॥১॥
বন্ধু দারা সুত-সুতা তব দাসী দাস।
সেই ত' সম্বন্ধে সবে আমার প্রয়াস ॥২॥
ধন জন গৃহ দ্বার তোমার বলিয়া।
রক্ষা করি আমি মাত্র সেবক হইয়া ॥৩॥

'স্থূল-লিঙ্গ ··নিষ্কৃত ॥'—পূর্ণ-শরণাগত অনন্যভাক্ সেবক স্থূল-লিঙ্গ-দেহগত পাপ-পুণ্য হইতে মুক্ত ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তোমার কার্য্যের তরে উপার্জ্জিব ধন।
তোমার সংসারব্যয় করিব বহন ॥ ৪ ॥
ভালমন্দ নাহি জানি সেবামাত্র করি।
তোমার সংসারে আমি বিষয়-প্রহরী ॥৫॥
তোমার ইচ্ছায় মোর ইন্দ্রিয়-চালনা।
শ্রবণ দর্শন ঘ্রাণ ভোজন-বাসনা ॥ ৬ ॥
নিজসুখ লাগি' কিছু নাহি করি আর।
ভকতিবিনোদ বলে তব সুখ-সার ॥ ৭ ॥

[১৪]

বস্তুতঃ সকলি তব জীব কেহ নয়।
'অহং মম' ভ্রমে ভ্রমি' ভোগে শোক-ভয় ॥১॥
অহং-মম-অভিমান এইমাত্র ধন।
বদ্ধ জীব নিজ বলি' জানে মনে মন ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই অভিমানে আমি সংসারে পড়িয়া।
হাবুডুবু খাই ভবসিন্ধু সাঁতারিয়া ॥ ৩ ॥

তোমার অভয় পদে লইয়া শরণ।
আজি আমি করিলাম আত্মনিবেদন ॥ ৪ ॥

অহং-মম-অভিমান ছাড়িল আমায়।
আর যেন মম হৃদে স্থান নাহি পায় ॥ ৫ ॥

এইমাত্র বল প্রভু দিবে হে আমারে।
অহংতা মমতা দূরে পারি রাখিবারে ॥ ৬ ॥

আত্মনিবেদন ভাব হৃদে দৃঢ় রয়।
হস্তিস্নান সম যেন ক্ষণিক না হয় ॥ ৭ ॥

ভকতিবিনোদ প্রভু নিত্যানন্দ পায়।
মাগে পরসাদ যাহে অভিমান যায় ॥ ৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[১৫]

নিবেদন করি প্রভু তোমার চরণে।
পতিত অধম আমি জানে ত্রিভুবনে ॥ ১ ॥
আমা সম পাপী নাহি জগৎ-ভিতরে।
মম সম অপরাধী নাহিক সংসারে ॥ ২ ॥
সেই সব পাপ আর অপরাধ আমি।
পরিহারে পাই লজ্জা সব জান তুমি ॥ ৩ ॥
তুমি বিনা কা'র আমি লইব শরণ।
তুমি সর্ব্বেশ্বরেশ্বর ব্রজেন্দ্রনন্দন ॥ ৪ ॥
জগৎ তোমার নাথ তুমি সর্ব্বময়।
তোমা প্রতি অপরাধ তুমি কর ক্ষয় ॥ ৫ ॥

পরিহার—স্খালন, অপনয়ন, ক্ষমা প্রার্থনা ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুমি ত' স্খলিত-পদ জনের আশ্রয়।
তুমি বিনা আর কিবা আছে দয়াময় ॥ ৬ ॥
সেইরূপ তব অপরাধী জন যত।
তোমার শরণাগত হইবে সতত ॥ ৭ ॥
ভকতিবিনোদ পদে লইয়া শরণ।
তুয়া পদে করে আজ আত্মসমর্পণ ॥ ৮ ॥

[১৬]

আত্মনিবেদন, তুয়া পদে করি,'
হইনু পরম সুখী।

'তুমি ত'.........দয়াময় ॥'—"ভূমৌ স্খলিতপাদানাং ভূমিরেবাবলম্বনম্। ত্বয়ি জাতাপরাধানাং ত্বমেব শরণং প্রভো ॥" অর্থাৎ হে প্রভো! যেরূপ ভূমিতে পদস্খলিত ব্যক্তির ভূমিই আশ্রয়, সেরূপ তোমাতে অপরাধী ব্যক্তির তুমিই একমাত্র আশ্রয় ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুঃখ দূরে গেল, চিন্তা না রহিল,
চৌদিকে আনন্দ দেখি ॥ ১ ॥
অশোক-অভয়, অমৃত-আধার,
তোমার চরণদ্বয় ।
তাহাতে এখন, বিশ্রাম লভিয়া,
ছাড়িনু ভবের ভয় ॥ ২ ॥
তোমার সংসারে, করিব সেবন,
নহিব ফলের ভোগী ।
তব সুখ যাহে, করিব যতন,
হ'য়ে পদে অনুরাগী ॥ ৩ ॥
তোমার সেবায়, দুঃখ হয় যত,
সেও ত' পরম সুখ ।
সেবা-সুখ-দুঃখ, পরম সম্পদ,
নাশয়ে অবিদ্যা-দুঃখ ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ব্ব ইতিহাস, ভুলিনু সকল,
সেবা-সুখ পে'য়ে মনে ।
আমি ত' তোমার, তুমি ত' আমার,
কি কায অপর ধনে ॥ ৫ ॥
ভকতিবিনোদ, আনন্দে ডুবিয়া,
তোমার সেবার তরে ।
সব চেষ্টা করে, তব ইচ্ছা-মত,
থাকিয়া তোমার ঘরে ॥ ৬ ॥

'তোমার সেবায়……দুঃখ ।'—"যত দেখ বৈষ্ণবের ব্যবহার-দুঃখ। নিশ্চয় জানিহ সেই পরানন্দ সুখ ।" (চৈঃ ভাঃ মধ্য ৯।২৪০) প্রভৃতি পদ আলোচ্য। ॥ ৪ ॥

পূর্ব্ব ইতিহাস—শরণাগত হইবার পূর্ব্বের জীবন-চরিত্র ও আচার-ব্যবহার, প্রভৃতি ; 'আমি ত'……ধনে ।'—শ্রীমন্মহাপ্রভুর "আশ্লিষ্য বা পাদরতাং" শ্লোক এতৎ-প্রসঙ্গে আলোচ্য ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃতীয়তঃ গোপ্তৃত্ব-বরণ

[১৭]

কি জানি কি বলে, তোমার ধামেতে,
হইনু শরণাগত।
তুমি দয়াময়, পতিতপাবন,
পতিত-তারণে রত ॥ ১ ॥
ভরসা আমার, এইমাত্র নাথ,
তুমি ত' করুণাময়।
তব দয়াপাত্র, নাহি মোর সম,
অবশ্য ঘুচাবে ভয় ॥ ২ ॥
আমারে তারিতে, কাহারো শকতি,
অবনী ভিতরে নাহি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দয়াল ঠাকুর, ঘোষণা তোমার,
অধম পামরে ত্রাহি ॥ ৩ ॥
সকল বুঝিয়া, আসিয়াছি আমি,
তোমার চরণে নাথ।
আমি নিত্যদাস, তুমি পালয়িতা,
তুমি গোপ্তা জগন্নাথ ॥ ৪ ॥
তোমার সকল, আমি মাত্র দাস,
আমারে তারিবে তুমি।
তোমার চরণ, করিনু বরণ,
আমার নহি ত' আমি ॥ ৫ ॥

ত্রাহি—ত্রাণ কর ॥ ৩ ॥
গোপ্তা—রক্ষাকর্ত্তা, পালনকর্ত্তা ॥ ৪ ॥
বরণ—প্রার্থনা, সেবা, আশ্রয় ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভকতিবিনোদ, কাঁদিয়া শরণ,
ল'য়েছে তোমার পায়।
ক্ষমি' অপরাধ, নামে রুচি দিয়া,
পালন করহে তায় ॥ ৬ ॥

[১৮]

দারা পুত্র নিজ দেহ কুটুম্ব-পালনে।
সর্ব্বদা ব্যাকুল আমি ছিনু মনে মনে ॥ ১ ॥
কেমনে অর্জ্জিব অর্থ, যশ কিসে পাব।
কন্যা-পুত্র-বিবাহ কেমনে সম্পাদিব ॥ ২ ॥
এবে আত্মসমর্পণে চিন্তা নাহি আর।
তুমি নির্ব্বাহিবে প্রভু সংসার তোমার ॥ ৩ ॥

'ক্ষমি…তায় ॥'—অপরাধ ক্ষমা করিয়া কৃষ্ণনামে রুচি-দানই 'পালন' ॥ ৬ ॥

"অহো মে…বিশতে তমঃ ॥" (ভাঃ ১১।১৭।৫৭-৫৮) ॥১॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুমি ত' পালিবে মোরে নিজদাস জানি'।
তোমার সেবায় প্রভু বড় সুখ মানি ॥ ৪ ॥
তোমার ইচ্ছায় প্রভু সব কার্য্য হয়।
জীব বলে, 'করি আমি' সে ত' সত্য নয় ॥ ৫ ॥
জীব কি করিতে পারে তুমি না করিলে।
আশামাত্র জীব করে, তব ইচ্ছা ফলে ॥ ৬ ॥
নিশ্চিন্ত হইয়া আমি সেবিব তোমায়।
গৃহে ভাল মন্দ হ'লে নাহি মোর দায় ॥ ৭ ॥
ভকতিবিনোদ নিজ স্বাতন্ত্র্য ত্যজিয়া।
তোমার চরণ সেবে অকিঞ্চন হইয়া ॥ ৮ ॥

[১৯]

সর্ব্বস্ব তোমার, চরণে সঁপিয়া,
পড়েছি তোমার ঘরে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুমি ত' ঠাকুর, তোমার কুকুর,
বলিয়া জানহ মোরে ॥ ১ ॥
বাঁধিয়া নিকটে, আমারে পালিবে,
রহিব তোমার দ্বারে।
প্রতীপ-জনেরে, আসিতে না দিব,
রাখিব গড়ের পারে ॥ ২ ॥

সর্ব্বস্ব-সমর্পিতাত্মা ব্যক্তির জীবন এই পদটীতে বিবৃত হইয়াছে ॥ ১ ॥

প্রতীপ—প্রতিকুল, বিরুদ্ধ, গুরুবৈষ্ণব-বিদ্বেষী; গড়—পরিখা বা দুর্গ; গোলোক-বৈকুণ্ঠের অস্মিতায় অবস্থিত শ্রীশ্রীগুরু-বৈষ্ণব ও দেবীধামের অস্মিতায় অবস্থিত কুণপাত্মবাদী বহির্ম্মুখ ব্যক্তিগণের মধ্যে সর্ব্বদাই বিরজা ব্যবধানে থাকে। এই বিরজাই 'পরিখা' বা 'গড়'। শরণাগত ব্যক্তি বিশ্বস্ত সেনার ন্যায় প্রতিকুল ব্যক্তির নিকট হইতে সর্ব্বদা শ্রীগুরুবৈষ্ণবের আসনের মর্য্যাদা রক্ষা করেন ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব নিজজন, প্রসাদ সেবিয়া,
উচ্ছিষ্ট রাখিবে যাহা।
আমার ভোজন, পরম আনন্দে,
প্রতিদিন হ'বে তাহা ॥ ৩ ॥

বসিয়া শুইয়া, তোমার চরণ,
চিন্তিব সতত আমি।
নাচিতে নাচিতে, নিকটে যাইব,
যখন ডাকিবে তুমি ॥ ৪ ॥

নিজের পোষণ, কভু না ভাবিব,
রহিব ভাবের ভরে।
ভকতিবিনোদ, তোমারে পালক,
বলিয়া বরণ করে ॥ ৫ ॥

ভাবের ভরে—ভাব বা ভক্তির আশ্রয়ে ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[২০]

তুমি সর্ব্বেশ্বরেশ্বর ব্রজেন্দ্রকুমার।
তোমার ইচ্ছায় বিশ্বে সৃজন সংহার ॥ ১ ॥

তব ইচ্ছামত ব্রহ্মা করেন সৃজন।
তব ইচ্ছামত বিষ্ণু করেন পালন ॥ ২ ॥

তব ইচ্ছামতে শিব করেন সংহার।
তব ইচ্ছামতে মায়া সৃজে কারাগার ॥ ৩ ॥

তব ইচ্ছামতে জীবের জনম মরণ।
সমৃদ্ধি-নিপাত দুঃখ-সুখ-সংঘটন ॥ ৪ ॥

মিছে মায়াবদ্ধ জীব আশাপাশে ফিরে।
তব ইচ্ছা বিনা কিছু করিতে না পারে ॥ ৫ ॥

নিপাত—অধঃপতন ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুমি ত' রক্ষক আর পালক আমার।
তোমার চরণ বিনা আশা নাহি আর ॥ ৬ ॥
নিজবল-চেষ্টা প্রতি ভরসা ছাড়িয়া।
তোমার ইচ্ছায় আছি নির্ভর করিয়া ॥ ৭ ॥
ভকতিবিনোদ অতি দীন অকিঞ্চন।
তোমার ইচ্ছায় তা'র জীবন মরণ ॥ ৮ ॥

চতুর্থতঃ 'তুমি আমাকে অবশ্য রক্ষা করিবে' বলিয়া দৃঢ় বিশ্বাস

[২১]

এখন বুঝিনু প্রভু তোমার চরণ।
অশোক অভয়ামৃতপূর্ণ সর্ব্বক্ষণ ॥ ১ ॥
সকল ছাড়িয়া তুয়া চরণকমলে।
পড়িয়াছি আমি নাথ তব পদতলে ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব পাদপদ্ম, নাথ, রক্ষিবে আমারে।
আর রক্ষাকর্ত্তা নাহি এ ভবসংসারে ॥ ৩ ॥
আমি তব নিত্যদাস জানিনু এবার।
আমার পালন-ভার এখন তোমার ॥ ৪ ॥
বড় দুঃখ পাইয়াছি স্বতন্ত্র জীবনে।
সব দুঃখ দূরে গেল ও-পদ-বরণে ॥ ৫ ॥
যে পদ লাগিয়া রমা তপস্যা করিল।
যে পদ পাইয়া শিব শিবত্ব লভিল ॥ ৬ ॥

স্বতন্ত্র—আনুগত্যহীন ॥ ৫ ॥

শিব শিবত্ব লভিল—"যচ্ছৌচনিঃসৃত…শিবঃ শিবোঽভূৎ।" (ভাঃ ৩।২৮।২২) যে চরণ-প্রক্ষালন-সলিল হইতে সমুৎপন্না সরিৎশ্রেষ্ঠা গঙ্গার পবিত্রজল মস্তকে ধারণ করিয়া শিবও শিবস্বরূপ অর্থাৎ মঙ্গলময় হইয়াছেন। 'বেদাপহার-গুরুপাতক…শক্যশঙ্কঃ।" (স্তোত্ররত্নম্ ১০-১১) শ্লোক আলোচ্য ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে পদ লভিয়া ব্রহ্মা কৃতার্থ হইল।
যে পদ নারদ মুনি হৃদয়ে ধরিল ॥ ৭ ॥
সেই সে অভয় পদ শিরেতে ধরিয়া।
পরম আনন্দে নাচি পদগুণ গাইয়া ॥ ৮ ॥
সংসার-বিপদ্ হ'তে অবশ্য উদ্ধার।
ভকতিবিনোদে পদ করিবে তোমার ॥ ৯ ॥

[২২]

তুমি ত' মারিবে যারে, কে তারে রাখিতে পারে,
তব ইচ্ছাবশ ত্রিভুবন।
ব্রহ্মা আদি দেবগণ, তব দাস অগণন,
করে তব আজ্ঞার পালন ॥ ১ ॥
তব ইচ্ছামতে যত, গ্রহগণ অবিরত,
শুভাশুভ ফল করে দান।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রোগ-শোক-মৃতি-ভয়, তব ইচ্ছামতে হয়,
তব আজ্ঞা সদা বলবান্ ॥ ২ ॥
তব ভয়ে বায়ু বয়, চন্দ্র সূর্য্য সমুদয়,
স্ব স্ব নিয়মিত কার্য্য করে ।
তুমি ত' পরমেশ্বর, পরব্রহ্ম পরাৎপর,
তব বাস ভকত-অন্তরে ॥ ৩ ॥
সদা শুদ্ধ সিদ্ধকাম, ভকতবৎসল নাম,
ভকত-জনের নিত্য স্বামী ।
তুমি ত' রাখিবে যারে, কে তারে মারিতে পারে,
সকল বিধির বিধি তুমি ॥ ৪ ॥
তোমার চরণে নাথ, করিয়াছি প্রণিপাত,
ভকতিবিনোদ তব দাস ।

পরাৎপর—পর হইতেও পর, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিপদ্ হইতে স্বামি, অবশ্য তাহারে তুমি,
রক্ষিবে তাহার এ বিশ্বাস ॥ ৫ ॥

[২৩]

আত্মসমর্পণে গেলা অভিমান।
নাহি করবুঁ নিজ রক্ষা-বিধান ॥ ১ ॥
তুয়া ধন জানি' তুহুঁ রাখবি নাথ।
পাল্য গোধন জনি করি তুয়া সাথ ॥ ২ ॥
চরাওবি মাধব যামুনতীরে।
বংশী বাজাওত ডাকবি ধীরে ॥ ৩ ॥
অঘ বক মারত রক্ষা-বিধান।
করবি সদা তুহুঁ গোকুল-কান ॥ ৪ ॥

বাজাওত—বাজাইয়া ॥ ৩ ॥
অঘ, বক—শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ওদ্রচিত 'শ্রীকৃষ্ণ-সংহিতা'য় (৮ম অধ্যায় ১৩ শ্লোক হইতে শেষ পর্য্যন্ত) ১৮টী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রক্ষা করবি তুহুঁ নিশ্চয় জানি।
পান করবুঁ হাম যামুনপানি ॥ ৫ ॥
কালীয়-দোখ করবি বিনাশা।
শোধবি নদীজল বাড়াওবি আশা ॥ ৬ ॥
পিয়ত দাবানল রাখবি মোয়।
গোপাল গোবিন্দ নাম তব হোয় ॥ ৭ ॥
সুরপতি-দুর্ম্মতি নাশ বিচারি'।
রাখবি বর্ষণে গিরিবরধারী ॥ ৮ ॥

ও শ্রীচৈতন্যশিক্ষামৃতে (৬ষ্ঠ বৃষ্টি, ৬ষ্ঠ ধারা) ব্রজভজনের প্রতিবন্ধক ২১টী অনর্থের কথা বলিয়াছেন। অঘ, বক প্রভৃতি ভূতহিংসা কুটীনাটী, ধূর্ত্ততা, শঠতা প্রভৃতি অনর্থের প্রতীক। শরণাগতকে কৃষ্ণ ঐসকল প্রতিবন্ধক হইতে রক্ষা করেন। মারত—মারিয়া ॥ ৪ ॥

পিয়ত—পান করিয়া ; হোয়—হয় ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুরানন করব যব চোরি।
রক্ষা করবি মুঝে গোকুল হরি ॥ ৯ ॥
ভকতিবিনোদ তুয়া গোকুল-ধন।
রাখবি কেশব করত যতন ॥ ১০ ॥

[২৪]

ছোড়ত পুরুষ-অভিমান।
কিঙ্করী হইলুঁ আজি কান ॥ ১ ॥

চোরি—চুরি ; মুঝে—আমাকে ॥ ৯ ॥

ছোড়ত—ছাড়িয়া ; পুরুষ-অভিমান—ভোক্তৃবুদ্ধি ; কিঙ্করী—রাগাত্মিকা ব্রজবনিতাগণের অনুগতা সেবাভিলাষিণী দাসী ; ইহাই অপ্রাকৃত মধুররসে শুদ্ধচেতনের স্বরূপ। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের "ছাড়িয়া পুরুষ দেহ, কবে বা প্রকৃতি হ'ব" প্রভৃতি পদের সহিত ইহা একতাৎপর্য্যপর ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বরজ-বিপিনে সখীসাথ।
সেবন করবুঁ রাধানাথ ॥ ২ ॥
কুসুমে গাথবুঁ হার।
তুলসী মণিমঞ্জরী তার ॥ ৩ ॥
যতনে দেওবুঁ সখীকরে।
হাতে লওব সখী আদরে ॥ ৪ ॥
সখী দিব তুয়া তুহুঁক গলে।
দূরত হেরবুঁ কুতূহলে ॥ ৫ ॥

বরজ-বিপিনে—ব্রজবনে ; সখীসাথ — সখীর অনুগত হইয়া ॥ ২ ॥

গাঁথবুঁ—গাঁথিব ; তুলসী-মণিমঞ্জরী—তুলসী-মঞ্জরীরূপ মণি উক্ত কুসুমহারের মধ্য-মণি ; তার—হারমধ্য-মণি, বা উত্তম স্থূল মুক্তা ॥ ৩ ॥

দেওবু—দিব ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সখী কহব, শুন সুন্দরি।
রহবি কুঞ্জে মম কিঙ্করী ॥ ৬ ॥
গাঁথবি মালা মনোহারিণী।
নিতি রাধাকৃষ্ণ-বিমোহিনী ॥ ৭ ॥
তুয়া রক্ষণ-ভার হামারা।
মম কুঞ্জকুটীর তোহারা ॥ ৮ ॥
রাধামাধব-সেবনকালে।
রহবি হামার অন্তরালে ॥ ৯ ॥

দুহুঁক—দুইজনের, শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ—যুগলের ; দূরত—দূর হইতে ; হেরবুঁ—দেখিব ॥ ৫ ॥

কহব—কহিবেন ॥ ৬ ॥

নিতি—নিত্য বা প্রত্যহ ॥ ৭ ॥

হামারা—আমার ; তোহারা—তোমার ॥ ৮ ॥

রহবি—থাকিবে ; হামার—আমার ; অন্তরালে—আশ্রয়ে ॥ ৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাম্বুল সাজি' কর্পূর আনি'।
দেওবি মোএ আপন জানি' ॥ ১০ ॥
ভকতিবিনোদ শুনি' বাত্।
সখীপদে করে প্রণিপাত ॥ ১১ ॥

পঞ্চমতঃ প্রাতিকূল্য-বর্জ্জন-সঙ্কল্প

[২৫]

কেশব, তুয়া জগত বিচিত্র।
করমবিপাকে, ভববন ভ্রমই,
পেখলুঁ রঙ্গ বহুচিত্র ॥ ১ ॥

বাত্—উক্তি, আজ্ঞা ॥ ১১ ॥

তুয়া—তোমার ; করমবিপাকে—কর্ম্মের ফেরে ; ভ্রমই—ভ্রমণ করিয়া ; পেখলুঁ—দেখিলাম ; বহুচিত্র—বিচিত্র, নানা-প্রকারের ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুয়া পদবিস্মৃতি, আ-মর যন্ত্রণা,
ক্লেশ-দহনে দহি' যাই।
কপিল, পতঞ্জলি, গৌতম, কণভোজী,
জৈমিনি, বৌদ্ধ আওয়ে ধাই ॥ ২ ॥
তব কই নিজ মতে, ভুক্তি মুক্তি যাচত,
পাতই নানাবিধ ফাঁদ।

আ-মর—মৃত্যু পর্য্যন্ত অথবা মরণাধিক ; পাঠান্তরে 'আময়' ; আময়—রোগ ; দহনে—জ্বালায় ; দহি'—জ্বলিয়া-পুড়িয়া ; কপিল —নিরীশ্বর সাংখ্যের উপদেষ্টা অগ্নিবংশজ কপিল। ইনি কর্দ্দম ঋষি ও দেবহূতির পুত্র শ্রীবাসুদেবের অবতার সেশ্বর সাংখ্যকার, শ্রীমদ্ভাগবতোক্ত কপিল নহেন ; পতঞ্জলি—যোগসূত্র-প্রণেতা ; গৌতম—ন্যায়-সূত্র-প্রণেতা ; কণভোজী—কণভুক্ বা কণাদ, বৈশেষিক-দর্শন-প্রণেতা ; জৈমিনি—পূর্ব্বমীমাংসাকার ; আওয়ে— আসে ; ধাই—ধাইয়া ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সো সবু বঞ্চক, তুয়া ভক্তি-বহির্ম্মুখ,
ঘটাওয়ে বিষম পরমাদ ॥ ৩ ॥
বৈমুখ-বঞ্চনে, ভটসো সবু,
নিরমিল বিবিধ পসার।

তব—তন্মধ্যে বা তাহারা; কই—কেহ; নিজমতে—নিজ মতবাদসমূহ বা নিজমতবাদে; যাচত—যাচ্ঞা করে, যাচে, গ্রহণ করাইবার জন্য অনুরোধ করে; পাতই—পাতিয়া; ফাঁদ—জাল; সো সবু—সেই-সকল; ঘটাওয়ে—ঘটায় ॥ ৩ ॥

'তুয়া ভক্তি-বহির্ম্মুখ' পদের পরিবর্ত্তে শ্রীহস্তলিখিত পাণ্ডুলিপিতে 'ভক্তিবহির্ম্মুখ' পদ দৃষ্ট হয় ॥ ৩ ॥

বৈমুখ—বিমুখ; ভটসো—'ভট' শব্দে বীর বা রণকুশল; সো—সেই, সবু—সমুদয়; ভটসো সবু—সেই সকল কর্ম্মবীর, জ্ঞানবীর, যোগবীর তপোবীর; নিরমিল—নির্ম্মাণ করিল; পসার—দোকান অথবা প্রতিপত্তি ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দণ্ডবৎ দূরত, ভকতিবিনোদ ভেল,
ভকতচরণ করি' সার ॥ ৪ ॥

[২৬]

তুয়া ভক্তি-প্রতিকূল ধর্ম্ম যাতে রয়।
পরম যতনে তাহা ত্যজিব নিশ্চয় ॥ ১ ॥

তুয়া ভক্তি-বহির্ম্মুখ সঙ্গ না করিব।
গৌরাঙ্গবিরোধি-জন-মুখ না হেরিব ॥ ২ ॥

ভক্তি-প্রতিকূল স্থানে না করি বসতি।
ভক্তির অপ্রিয় কার্য্যে নাহি করি রতি ॥ ৩ ॥

ভক্তির বিরোধী গ্রন্থ পাঠ না করিব।
ভক্তির বিরোধী ব্যাখ্যা কভু না শুনিব ॥ ৪ ॥

দণ্ডবৎ দূরত—দুঃসঙ্গ-জ্ঞানে দূর হইতে দণ্ডবৎ ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌরাঙ্গবর্জ্জিত স্থান তীর্থ নাহি মানি।
ভক্তির বাধক জ্ঞান-কর্ম্ম তুচ্ছ জানি ॥ ৫ ॥
ভক্তির বাধক কালে না করি আদর।
ভক্তি-বহির্ম্মুখ নিজ জনে জানি পর ॥ ৬ ॥
ভক্তির বাধিকা স্পৃহা করিব বর্জ্জন।
অভক্ত-প্রদত্ত অন্ন না করি গ্রহণ ॥ ৭ ॥
যাহা কিছু ভক্তিপ্রতিকূল বলি' জানি।
ত্যজিব যতনে তাহা, এ নিশ্চয় বাণী ॥ ৮ ॥
ভকতিবিনোদ পড়ি' প্রভুর চরণে।
মাগয়ে শকতি প্রাতিকূল্যের বর্জ্জনে ॥ ৯ ॥

[২৭]

বিষয়বিমূঢ় আর মায়াবাদী জন।
ভক্তিশূন্য দুঁহে প্রাণ ধরে অকারণ ॥ ১ ॥

মাগয়ে—মাগে, যাজ্ঞা করে ॥ ৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই দুই সঙ্গ নাথ ! না হয় আমার ।
প্রার্থনা করিয়ে আমি চরণে তোমার ॥ ২ ॥
সে দুয়ের মধ্যে বিষয়ী তবু ভাল ।
মায়াবাদি-সঙ্গ নাহি মাগি কোন কাল ॥ ৩ ॥
বিষয়ি-হৃদয় যবে সাধুসঙ্গ পায় ।
অনায়াসে লভে ভক্তি ভক্তের কৃপায় ॥ ৪ ॥
মায়াবাদ-দোষ যার হৃদয়ে পশিল ।
কুতর্কে হৃদয় তার বজ্রসম ভেল ॥ ৫ ॥
ভক্তির স্বরূপ আর "বিষয়", "আশ্রয়" ।
মায়াবাদী অনিত্য বলিয়া সব কয় ॥ ৬ ॥

'সে দুয়ের……কোন কাল॥'—বিষয়ীর চিত্ত ভোগপিপাসায় আচ্ছন্ন হইলেও সাধুসঙ্গে তাহা বিদূরিত হইতে পারে ; কিন্তু মায়াবাদী চিদ্‌বিলাস অস্বীকার করে বলিয়া নিত্য অপরাধী ॥ ৩ ॥

ভক্তির স্বরূপ—ভক্তিতত্ত্ব ; বিষয়—ভক্তির বিষয়তত্ত্ব অদ্বিতীয় সেব্য-শ্রীভগবান্ ; আশ্রয়—ভক্তই আশ্রয়তত্ত্ব, সেবক-ভগবান্ ॥ ৬॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধিক্ তার কৃষ্ণ-সেবা শ্রবণ কীর্ত্তন।
কৃষ্ণ-অঙ্গে বজ্র হানে তাহার স্তবন ॥ ৭ ॥
মায়াবাদ সম ভক্তি-প্রতিকূল নাই।
অতএব মায়াবাদি-সঙ্গ নাহি চাই ॥ ৮ ॥
ভকতিবিনোদ মায়াবাদ দূর করি'।
বৈষ্ণব-সঙ্গেতে বৈসে নামাশ্রয় ধরি' ॥ ৯ ॥

[২৮]

আমি ত' স্বানন্দ-সুখদবাসী।
রাধিকামাধব-চরণদাসী ॥ ১ ॥

'ধিক্ তার……তাহার স্তবন ॥"—শ্রীচৈতন্যভাগবতে মায়াবাদী প্রকাশানন্দের প্রতি শ্রীমন্মহাপ্রভুর বাক্য আলোচ্য —"কাশীতে পড়ায় বেটা প্রকাশ-আনন্দ। সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড ॥" (চৈঃ ভাঃ মধ্য ৩।৩৭) ॥ ৭ ॥

স্বানন্দ-সুখদবাসী—শ্রীরাধাকুণ্ড-সমীপে শ্রীললিতাকুণ্ডের অন্তর্গত কুঞ্জই 'স্বানন্দসুখদ-কুঞ্জ'। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীনবদ্বীপের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুহাঁর মিলনে আনন্দ করি।
দুহঁার বিয়োগে দুঃখেতে মরি ॥ ২ ॥
সখীস্থলী নাহি হেরি নয়নে।
দেখিলে শৈব্যাকে পড়য়ে মনে ॥ ৩ ॥

অন্তর্গত গোক্রমবনে সরস্বতী নদীর তীরে 'শ্রীস্বানন্দ-সুখদ-কুঞ্জ' প্রকাশ করিয়া ভজন করিতেন। বর্ত্তমানে তথায় তাঁহার শ্রীসমাধি-মন্দির ও ভাব-সেবার শ্রীবিগ্রহ বর্ত্তমান। শ্রীল ঠাকুরের স্বহস্ত-লিখিত পাণ্ডুলিপিতে 'অনঙ্গ-রঙ্গদবাসী' পাঠ দৃষ্ট হয়। শ্রীগোবিন্দ-লীলামৃতের ৭ম সর্গে ৩১শ শ্লোকে শ্রীরাধাকুণ্ডের উত্তর ঘাটের সন্নিকটে 'অনঙ্গ-রঙ্গাম্বুজ-কুঞ্জে'র নাম দৃষ্ট হয়। ললিতাদেবীর শিষ্যা সেই অপ্রাকৃত কুঞ্জের নিত্য সেবা করেন ॥ ১ ॥

দুহঁার—দুই জনের; বিয়োগে—বিরহে ॥ ২ ॥

সখীস্থলী—চন্দ্রাবলীর স্থান, (ভক্তিরত্নাকর ৫।৫৭১); শৈব্যা—চন্দ্রাবলীর পক্ষীয়া সখী; 'শ্রীগোবিন্দলীলামৃতে'র ৬ষ্ঠ সর্গ দ্রষ্টব্য। ইহা একমাত্র নিষ্কপট অনর্থমুক্ত ব্যক্তিগণের আলোচ্য ॥৩॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে যে প্রতিকূল চন্দ্রার সখী।
প্রাণে দুঃখ পাই তাহারে দেখি' ॥ ৪ ॥
রাধিকা-কুঞ্জ আঁধার করি'।
লইতে চাহে সে রাধার হরি ॥ ৫ ॥
শ্রীরাধাগোবিন্দ-মিলন-সুখ।
প্রতিকূলজন না হেরি মুখ ॥ ৬ ॥
রাধা-প্রতিকূল যতেক জন।
সম্ভাষণে কভু না হয় মন ॥ ৭ ॥
ভকতিবিনোদ শ্রীরাধাচরণে।
সঁপেছে পরাণ অতীব যতনে ॥ ৮ ॥

ষষ্ঠতঃ আনুকূল্য-সঙ্কল্প

[২৯]

তুয়া ভক্তি-অনুকূল যে যে কার্য্য হয়।
পরম যতনে তাহা করিব নিশ্চয় ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তি-অনুকূল যত বিষয় সংসারে।
করিব তাহাতে রতি ইন্দ্রিয়ের দ্বারে ॥ ২ ॥
শুনিব তোমার কথা যতন করিয়া।
দেখিব তোমার ধাম নয়ন ভরিয়া ॥ ৩ ॥
তোমার প্রসাদে দেহ করিব পোষণ।
নৈবেদ্য-তুলসী-ঘ্রাণ করিব গ্রহণ ॥ ৪ ॥
কর-দ্বারে করিব তোমার সেবা সদা।
তোমার বসতি-স্থলে বসিব সর্ব্বদা ॥ ৫ ॥
তোমার সেবায় কাম নিয়োগ করিব।
তোমার বিদ্বেষি-জনে ক্রোধ দেখাইব ॥ ৬ ॥
এইরূপে সর্ব্ববৃত্তি আর সর্ব্বভাব।
তুয়া অনুকূল হ'য়ে লভুক প্রভাব ॥ ৭ ॥

"সবৈ মনঃ…যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ।" (ভাঃ ৯।৪।১৮-২০) ; "'কাম' কৃষ্ণ-কর্ম্মার্পণে, 'ক্রোধ' ভক্তদ্বেষি-জনে, 'লোভ'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুয়া ভক্ত-অনুকূল যাহা যাহা করি।
তুয়া ভক্তি-অনুকূল বলি' তাহা ধরি ॥ ৮ ॥
ভকতিবিনোদ নাহি জানে ধর্ম্মাধর্ম্ম।
ভক্তি-অনুকূল তার হউ সব কর্ম্ম ॥ ৯ ॥

[৩০]

গোদ্রুমধামে ভজন-অনুকূলে।
মাথুর শ্রীনন্দীশ্বর সমতুলে ॥ ১ ॥

সাধুসঙ্গে হরিকথা। 'মোহ' ইষ্টলাভ-বিনে, 'মদ' কৃষ্ণগুণ-গানে, নিযুক্ত করিব যথা তথা॥"—(শ্রীল নরোত্তম ঠাকুর-কৃত শ্রীশ্রীপ্রেমভক্তি-চন্দ্রিকা'—২) ॥ ১-৭ ॥

'গোদ্রুমধামে.........সমতুলে ॥'—এই পদটীতে গৌরলীলায় স্বারসিকী স্থিতি-লাভের বিষয় শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বর্ণন করিয়াছেন। নন্দীশ্বর—মাথুরমণ্ডলের অন্তর্গত শ্রীনন্দীশ্বর পর্ব্বত; পর্ব্বতের উপরে নন্দ মহারাজের আদি বাসস্থান শ্রীনন্দীশ্বর গ্রাম; শ্রীগোদ্রুমধাম অভিন্ন শ্রীনন্দীশ্বর; "গোদ্রুম শ্রীনন্দীশ্বর ধাম

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তঁহি মাহ সুরভি-কুঞ্জ-কুটীরে।
বৈঠবুঁ হাম সুরতটিনী-তীরে ॥ ২ ॥
গৌরভকত-প্রিয়বেশ দধানা।
তিলক তুলসীমালা শোভমানা ॥ ৩ ॥

গোপাবাস। * * পূর্ব্বাহ্নে গোপের ঘরে গব্যদ্রব্য খাই। গোপ সনে গোচারণ করেন নিমাই॥"—('শ্রীনবদ্বীপ-ভাব-তরঙ্গ') ॥ ১ ॥

তঁহি মাহ—তাহার মাঝে; সুরভি-কুঞ্জ—সুরভি গাভীর কৃপায় মার্কণ্ডেয় মুনি গৌরভজনোপদেশ লাভ করিয়া শুদ্ধভক্তি আশ্রয় করেন। এই মার্কণ্ডেয় মুনিই কৃষ্ণলীলায় ব্রজে বারিবর্ষণ-কারী ইন্দ্র ছিলেন। এই স্থানে একটি বিস্তৃত অশ্বত্থদ্রুম ছিল। সুরভী গাভী এই দ্রুমতলে অবস্থান করিতেন বলিয়া এই স্থানের নাম 'গোদ্রুম'। এই স্থানে ঠাকুর ভক্তিবিনোদ-প্রকটিত 'সুরভি-কুঞ্জ' বিরাজমান; বৈঠবুঁ—বসিব ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চম্পক বকুল কদম্ব তমাল।
রোপত নিরমিব কুঞ্জ বিশাল ॥ ৪ ॥
মাধবী মালতী উঠাবুঁ তাহে।
ছায়া-মণ্ডব করবুঁ তঁহি মাহে ॥ ৫ ॥
রোপবুঁ তত্র কুসুমবনরাজি।
যুথি জাতি মল্লী বিরাজব সাজি' ॥ ৬ ॥

গৌরভকত-প্রিয়বেশ—দ্বাদশ অঙ্গে গোপী-চন্দনাঙ্কিত শ্রীহরিমন্দির, কণ্ঠে তুলসীমালা প্রভৃতিযুক্ত প্রিয়বেশ; দধানা—ধারণ করিয়া ॥ ৩ ॥

রোপত—রোপণ করিয়া; নিরমিব—নির্ম্মাণ করিব ॥ ৪ ॥

উঠাবুঁ—উঠাইব; মণ্ডব—মণ্ডপ, বিশ্রামস্থান; তঁহি—তাহার; মাহে—মধ্যে ॥ ৫ ॥

রোপবুঁ—রোপণ করিব ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মঞ্চে বসাওবুঁ তুলসী মহারাণী।
কীর্ত্তন-সজ্জ তঁহি রাখব আনি' ॥ ৭ ॥
বৈষ্ণবজন সহ গাওবুঁ নাম।
জয় গোদ্রুম জয় গৌর কি ধাম ॥ ৮ ॥
ভকতিবিনোদ ভক্তি-অনুকূল।
জয় কুঞ্জ মুঞ্জ সুরনদীকূল ॥ ৯ ॥

[৩১]

শুদ্ধ ভকত- চরণ-রেণু,
ভজন অনুকূল।

মঞ্চ—উচ্চস্থান বা বেদি ; কীর্ত্তন-সজ্জ—কীর্ত্তনের সাজ-সরঞ্জাম বা উপকরণ, খোল-করতালাদি ; তঁহি—তথা ॥ ৭ ॥
গাওবুঁ—গান করিব ॥ ৮ ॥
মুঞ্জ—তৃণবিশেষ, শরতৃণ ; সুরনদী—গঙ্গা ॥ ৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভকত-সেবা, পরম-সিদ্ধি,
প্রেমলতিকার মূল ॥ ১ ॥
মাধব-তিথি, ভক্তি-জননী,
যতনে পালন করি।
কৃষ্ণবসতি, বসতি বলি'
পরম আদরে বরি ॥ ২ ॥
গৌর আমার, যে-সব স্থানে,
করল ভ্রমণ রঙ্গে।
সে-সব স্থান, হেরিব আমি,
প্রণয়ি-ভকতসঙ্গে ॥ ৩ ॥

মাধব তিথি—শ্রীহরিবাসর, শ্রীজয়ন্তী-তিথি, শ্রীএকাদশী; কৃষ্ণ-বসতি—কৃষ্ণের বসতিস্থান শ্রীধাম; বসতি বলি'—নিজের বাস-যোগ্য স্থান বলিয়া; বরি—বরণ করি ॥ ২ ॥

প্রণয়ি-ভকত—প্রেমিক ভক্ত ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মৃদঙ্গবাদ্য, শুনিতে মন,
অবসর সদা যাচে।
গৌর-বিহিত, কীর্ত্তন শুনি',
আনন্দে হৃদয় নাচে ॥ ৪ ॥

যুগলমূর্ত্তি, দেখিয়া মোর,
পরম আনন্দ হয়।
প্রসাদ-সেবা, করিতে হয়,
সকল প্রপঞ্চ-জয় ॥ ৫ ॥

অবসর—অবকাশ, সুযোগ ; গৌরবিহিত—শ্রীগৌরসুন্দরের অনুমোদিত—রসাভাস, সিদ্ধান্ত-বিরোধাদিদোষ-বর্জ্জিত ; শুদ্ধভক্তি-সিদ্ধান্তপূর্ণ। এতৎপ্রসঙ্গে চৈঃ চঃ অন্ত্য ৫ম ৯৭-১০০ সংখ্যা দ্রষ্টব্য ॥ ৪ ॥

প্রপঞ্চ—সংসার, অনর্থ ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যেদিন গৃহে, ভজন দেখি,
গৃহেতে গোলোক ভায়।
চরণ সীধু, দেখিয়া গঙ্গা,
সুখ না সীমা পায় ॥ ৬ ॥

তুলসী দেখি', জুড়ায় প্রাণ,
মাধবতোষণী জানি'।
গৌর-প্রিয়, শাক-সেবনে,
জীবন সার্থক মানি ॥ ৭ ॥

'গৃহেতে গোলোক ভায়'—শ্রীকৃষ্ণ-ভজনময় 'গৃহ'—গৃহ নহে, তাহা সাক্ষাৎ গোলোক। যে স্থানে নিত্যসেব্য অপ্রাকৃত গোলোক-দর্শন, তথায় ভোগ্য প্রাকৃত গৃহ-দর্শন নাই ; যথায় গৃহ-দর্শন, তথায় গোলোক-দর্শন নাই,—ইহাই জানিতে হইবে। চরণ-সীধু—শ্রীবিষ্ণুর চরণামৃত-স্বরূপিণী গঙ্গা ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভকতিবিনোদ, কৃষ্ণভজনে,
অনুকূল পায় যাহা।
প্রতিদিবসে, পরম সুখে,
স্বীকার করয়ে তাহা ॥ ৮ ॥

[৩২]

রাধা-কুণ্ডতটকুঞ্জকুটীর।
গোবর্দ্ধন-পর্ব্বত যামুনতীর ॥ ১ ॥
কুসুমসরোবর মানসগঙ্গা।
কলিন্দনন্দিনী বিপুলতরঙ্গা ॥ ২ ॥
বংশীবট গোকুল ধীরসমীর।
বৃন্দাবন-তরুলতিকা-বানীর ॥ ৩ ॥

মাধবতোষণী—শ্রীগোবিন্দের তোষণ বা তুষ্টিকারিণী—শ্রীগোবিন্দবল্লভা; গৌরপ্রিয় শাক—চৈঃ ভাঃ অন্ত্য ৪।২৭৯, ২৯৪-২৯৫ সংখ্যা দ্রষ্টব্য ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খগমৃগকুল মলয় বাতাস।
ময়ুর ভ্রমর মুরলী বিলাস ॥ ৪ ॥
বেণু শৃঙ্গ পদচিহ্ন মেঘমালা।
বসন্ত শশাঙ্ক শঙ্খ করতালা ॥ ৫ ॥
যুগলবিলাসে অনুকূল জানি।
লীলা-বিলাস-উদ্দীপক মানি ॥ ৬ ॥
এ সব ছোড়ত কঁহি নাহি যাঁউ।
এ সব ছোড়ত পরাণ হারাঁউ ॥ ৭ ॥

এই ৩২নং গীতিটীতে কৃষ্ণলীলার উদ্দীপন ও আলম্বনসমূহ বর্ণিত হইয়াছে।

লতিকা—লতা; বানীর—বেতস-লতা (বেতগাছ), শ্রীল ভক্তিবিনোদের শ্রীহস্তলিখিত পাণ্ডুলিপিতে 'বানীর' পাঠ দৃষ্ট হয়। ৩।

খগ—পক্ষী। ৪।

পদচিহ্ন—গরুর পদচিহ্ন; শশাঙ্ক—চন্দ্র। ৫।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভকতিবিনোদ কহে শুন কান।
তুয়া উদ্দীপক হামারা পরাণ ॥ ৮ ॥

ভজন-লালসা

[১]

হরি হে!

প্রপঞ্চে পড়িয়া, অগতি হইয়া,
না দেখি উপায় আর।
অগতির গতি, চরণে শরণ,
তোমায় করিনু সার ॥ ১ ॥
করম গেয়ান, কিছু নাহি মোর,
সাধন ভজন নাই।

ছোড়ত—ছাড়িয়া; কঁহি—কোথায়ও; 'এ সব ছোড়ত··· হারাঁউ।'—এই সকল পরিত্যাগ করিলে আমার প্রাণ চলিয়া যাইবে ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুমি কৃপাময়, আমি ত' কাঙ্গাল,
অহৈতুকী কৃপা চাই ॥ ২ ॥

বাক্য-মনোবেগ, ক্রোধ-জিহ্বা-বেগ,
উদর-উপস্থ-বেগ ।
মিলিয়া এ সব, সংসারে ভাসায়ে,
দিতেছে পরমোদ্বেগ ॥ ৩ ॥

অনেক যতনে, সে সব দমনে,
ছাড়িয়াছি আশা আমি ।
অনাথের নাথ, ডাকি তব-নাম,
এখন ভরসা তুমি ॥ ৪ ॥

এই ১নং পদ্যটী শ্রীরূপগোস্বামিপ্রভু-কৃত 'উপদেশামৃতে'র ১ম শ্লোক "বাচো বেগং মনসঃ ক্রোধবেগং" ইত্যাদি অবলম্বনে রচিত।

অহৈতুকী—হেতু বা কোন প্রকার অভিসন্ধিরহিতা ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[২]

হরি হে !

অর্থের সঞ্চয়ে, বিষয়-প্রয়াসে,

আন কথা প্রজল্পনে।

আন অধিকার, নিয়ম আগ্রহে,

অসৎসঙ্গ-সংঘটনে ॥ ১ ॥

এই ২নং পদ্যটী 'উপদেশামৃতে'র ২য় শ্লোক "অত্যাহারঃ প্রয়াসশ্চ" ইত্যাদি অবলম্বনে রচিত।

আন কথা—আন (অন্য), কৃষ্ণকথা ব্যতীত অন্য কথা; প্রজল্পনে—বৃথা কথোপকথনে। "বৃথা-গল্প, বিতর্ক, পরচর্চ্চা, বাদানুবাদ, পর-দোষানুসন্ধান, মিথ্যা-জল্পনা, সাধু নিন্দা, গ্রাম্য-কথা প্রভৃতি সকলই প্রজল্প।" (শ্রীভক্তিবিনোদ, "প্রজল্প"—সঃ তোঃ ১০।১০) ; 'আন অধিকার, নিয়ম আগ্রহে'—অন্যের অধিকারগত নিয়ম-গ্রহণ ও নিজাধিকারগত নিয়ম-অগ্রহণ বা বর্জ্জন-কার্য্যে; অসৎসঙ্গ-সংঘটন—বহির্ম্মুখ-জনসঙ্গ ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অস্থির সিদ্ধান্তে, রহিনু মজিয়া,
হরিভক্তি রৈল দূরে।
এ হৃদয়ে মাত্র, পরহিংসা-মদ,
প্রতিষ্ঠা, শঠতা স্ফুরে ॥ ২ ॥
এ সব আগ্রহ, ছাড়িতে নারিনু,
আপন দোষেতে মরি।
জনম বিফল, হইল আমার,
এখন কি করি হরি ॥ ৩ ॥
আমি ত' পতিত, পতিতপাবন,
তোমার পবিত্র নাম।
সে সম্বন্ধ ধরি', তোমার চরণে,
শরণ লইনু হাম ॥ ৪ ॥

অস্থির সিদ্ধান্ত—লৌল্য, অসৎ-তৃষ্ণাময় মত-গ্রহণ-চাঞ্চল্য ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৩]

হরি হে !

ভজনে উৎসাহ, ভক্তিতে বিশ্বাস,
প্রেমলাভে ধৈর্য্য-ধন।
ভক্তি-অনুকূল, কর্ম্ম-প্রবর্ত্তনে,
অসৎসঙ্গ বিসর্জ্জন ॥ ১ ॥
ভক্তি-সদাচার, এই ছয় গুণ,
নহিল আমার নাথ !
কেমনে ভজিব, তোমার চরণ,
ছাড়িয়া মায়ার সাথ ॥ ২ ॥
গর্হিত আচারে, রহিলাম মজি',
না করিনু সাধুসঙ্গ।

এই ৩নং পদ্যটী 'শ্রীউপদেশামৃতে'র "উৎসাহান্নিশ্চয়া-ধৈর্য্যাৎ"—তৃতীয় শ্লোক-অবলম্বনে রচিত। সাথ—সঙ্গ ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ল'য়ে সাধু-বেশ, আনে উপদেশি,
এ বড় মায়ার রঙ্গ ॥ ৩ ॥
এ হেন দশায়, অহৈতুকী কৃপা,
তোমার পাইব হরি ।
শ্রীগুরু-আশ্রয়ে, ডাকিব তোমায়,
কবে বা মিনতি করি' ॥ ৪ ॥

[৪]

হরি হে !
দান প্রতিগ্রহ, মিথো গুপ্ত কথা,
ভক্ষণ, ভোজন-দান ।
সঙ্গের লক্ষণ, এই ছয় হয়,
ইহাতে ভক্তির প্রাণ ॥ ১ ॥

আনে—অন্যকে ; উপদেশি—উপদেশ করি ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তত্ত্ব না বুঝিয়ে, জ্ঞানে বা অজ্ঞানে,
অসতে এ সব করি'।
ভক্তি হারাইনু, সংসারী হইনু,
সুদূরে রহিলে হরি ॥ ২ ॥
কৃষ্ণভক্ত জনে, এ সঙ্গ-লক্ষণে,
আদর করিব যবে।
ভক্তি মহাদেবী, আমার হৃদয়-
আসনে বসিবে তবে ॥ ৩ ॥
যোষিৎসঙ্গী জন, কৃষ্ণাভক্ত আর,
দুঁহু সঙ্গ পরিহরি'।
তব ভক্তজন, সঙ্গ অনুক্ষণ,
কবে বা হইবে হরি ॥ ৪ ॥

এই ৪নং পদ্যটী 'উপদেশামৃতে'র "দদাতি প্রতিগৃহ্ণাতি"—৪র্থ শ্লোক-অবলম্বনে রচিত। মিথো—পরস্পর ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৫]

হরি হে !

সঙ্গদোষশূন্য, দীক্ষিতাদীক্ষিত,
যদি তব নাম গায়।
মানসে আদর, করিব তাঁহারে,
জানি' নিজজন তায় ॥ ১ ॥

যোষিৎসঙ্গী—যে ব্যক্তি ভোক্তৃবুদ্ধিতে জগৎ দর্শন করে, যথা—স্ত্রৈণ, অবৈধ স্ত্রীসঙ্গী, প্রচ্ছন্ন স্ত্রীসঙ্গী, ব্যতিরেক স্ত্রীসঙ্গী প্রভৃতি ; কৃষ্ণাভক্ত—কৃষ্ণের প্রতি অভক্ত যথা—মায়াবাদী, নির্ব্বিশেষবাদী, চিজ্জড়-সমন্বয়বাদী প্রভৃতি ; দুঁহু—দুইজনের ॥ ৪ ॥

এই ৫নং পদ্যটী 'উপদেশামৃতে'র "কৃষ্ণেতি যস্য গিরি"—৫ম শ্লোক-অবলম্বনে রচিত।

সঙ্গদোষ-শূন্য—স্ত্রীসঙ্গী ও মায়াবাদীর অসৎসঙ্গের কবল হইতে মুক্ত ; দীক্ষিতাদীক্ষিত—সদ্গুরুপদাশ্রিত অথবা যে এখনও গুরুপদাশ্রয় করে নাই,—এই উভয় প্রকার ব্যক্তি ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দীক্ষিত হইয়া, ভজে তুয়া পদ,
তাঁহারে প্রণতি করি।
অনন্যভজনে, বিজ্ঞ যেই জন,
তাঁহারে সেবিব হরি ॥ ২ ॥
সর্ব্বভূতে সম, যে ভক্তের মতি,
তাঁহার দর্শনে মানি।
আপনাকে ধন্য, সে সঙ্গ পাইয়া,
চরিতার্থ হইল জানি ॥ ৩ ॥
নিষ্কপট-মতি, বৈষ্ণবের প্রতি,
এই ধর্ম্ম কবে পা'ব।
কবে এ সংসার, সিন্ধুপার হ'য়ে,
তব ব্রজপুরে যা'ব ॥ ৪ ॥

অনন্যভজনে—একান্তভাবে শরণাগত হইয়া শ্রীকৃষ্ণ-ভজনে ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[৬]

হরি হে !

নীরধর্ম্মগত, জাহ্নবী-সলিলে,
পঙ্ক ফেন দৃষ্ট হয়।
তথাপি কখন, ব্রহ্মদ্রব-ধর্ম্ম,
সে সলিল না ছাড়য় ॥ ১ ॥

বৈষ্ণব-শরীর, অপ্রাকৃত সদা,
স্বভাব বপুর ধর্ম্মে।
কভু নহে জড়, তথাপি যে নিন্দে,
পড়ে সে বিষমাধর্ম্মে ॥ ২ ॥

এই ৬নং পদ্যটী 'উপদেশামৃতে'র "দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্বপুষশ্চ দোষৈঃ"—৬ষ্ঠ শ্লোক-অবলম্বনে রচিত।

ব্রহ্মদ্রবধর্ম্ম—গঙ্গাজলের অপ্রাকৃতত্ব ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই অপরাধে, যমের যাতনা,
পায় জীব অবিরত।
হে নন্দনন্দন, সেই অপরাধে,
যেন নাহি হই হত ॥ ৩ ॥
তোমার বৈষ্ণব, বৈভব তোমার,
আমারে করুন দয়া।
তবে মোর গতি, হ'বে তব প্রতি,
পা'ব তব পদছায়া ॥ ৪ ॥

[৭]

ওহে !
বৈষ্ণব ঠাকুর, দয়ার সাগর,
এ দাসে করুণা করি'।

স্বভাব-বপুর ধর্ম্মে—নীচকুলে আবির্ভাব, কর্কশতা বা আলস্যাদি স্বাভাবিক দোষ; কদর্য্যাবর্ণ, কুগঠন, পাড়া-জরাদিজনিত কুদর্শন প্রভৃতি শরীরগত দোষ ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দিয়া পদছায়া, শোধ হে আমায়,
তোমার চরণ ধরি ॥ ১ ॥
ছয় বেগ দমি', ছয় দোষ শোধি',
ছয় গুণ দেহ দাসে।
ছয় সৎসঙ্গ, দেহ হে আমারে,
বসেছি সঙ্গের আশে ॥ ২ ॥
একাকী আমার, নাহি পায় বল,
হরিনাম-সংকীর্ত্তনে।

ছয়বেগ—বাক্যবেগ, মনোবেগ, ক্রোধবেগ, জিহ্বাবেগ, উদর-বেগ ও উপস্থবেগ; ছয়দোষ—অত্যাহার, জড় বিষয়ে প্রয়াস, গ্রাম্য-কথা, অসৎ নিয়মাগ্রহ, অসৎজনসঙ্গ, অস্থির সিদ্ধান্ত বা ইন্দ্রিয়-তর্পণে রুচি ; ছয়গুণ—ভজনে উৎসাহ, ভক্তিতে দৃঢ় বিশ্বাস, প্রেম-লাভে ধৈর্য্য, ভক্তির অনুকূল কর্ম্মপ্রবৃত্তি, অসৎসঙ্গত্যাগ ও ভক্তি-সদাচার ; ছয় সৎসঙ্গ—শুদ্ধভক্তের সহিত দান, প্রতিগ্রহ, ভজন-কথা-শ্রবণ ও আলাপন, মহাপ্রসাদ-ভক্ষণ ও ভোজন-দান ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুমি কৃপা করি', শ্রদ্ধাবিন্দু দিয়া,
দেহ কৃষ্ণ-নাম-ধনে ॥ ৩ ॥
কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার,
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল, কৃষ্ণ কৃষ্ণ বলি',
ধাই তব পাছে পাছে ॥ ৪ ॥

[৮]

হরি হে!
তোমারে ভুলিয়া, অবিদ্যা-পীড়ায়,
পীড়িত রসনা মোর।
কৃষ্ণনাম-সুধা, ভাল নাহি লাগে,
বিষয়-সুখেতে ভোর ॥ ১ ॥
প্রতিদিন যদি, আদর করিয়া,
সে নাম কীর্ত্তন করি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সিতপল যেন, নাশি' রোগ-মূল
ক্রমে স্বাদু হয় হরি ॥ ২ ॥
দুর্দ্দৈব আমার, সে নামে আদর,
না হইল দয়াময় ।
দশ অপরাধ, আমার দুর্দ্দৈব,
কেমনে হইবে ক্ষয় ॥ ৩ ॥

এই ৮নং পদ্যটী 'উপদেশামৃতের' "স্যাৎ কৃষ্ণনামচরিতাদি" ৭ম শ্লোক-অবলম্বনে রচিত।

সিতপল—সিতোপল [সিত—(সাদা বা মিশ্রি) + উপল (প্রস্তর বা খণ্ড)] অর্থাৎ মিছরি-খণ্ড ॥ ২ ॥

দুর্দ্দৈব—দুষ্কৃতি, অপরাধ ; দশ অপরাধ—"নামপরায়ণ সাধুর নিন্দা, (২) ভগবানের নাম, রূপ, গুণ, লীলা—এ-সকলকে ভগবান্ হইতে পৃথক্ জ্ঞান করা এবং ভগবান্ হইতে শিবাদি অন্য কেহ পৃথক্ ঈশ্বর আছেন এরূপ মনে করা, (৩) নাম-শিক্ষাগুরুর অবজ্ঞা, (৪) নাম-মহিম-বাচক শাস্ত্রের অবজ্ঞা, (৫) নামের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুদিন যেন, তব নাম গাই,
ক্রমেতে কৃপায় তব।
অপরাধ যা'বে, নামে রুচি হ'বে,
আস্বাদিব নামাসব ॥ ৪ ॥

[৯]

হরি হে!
শ্রীরূপ গোসাঞি, শ্রীগুরু রূপেতে,
শিক্ষা দিল মোর কাণে।

মহিমা 'কেবল স্তবমাত্র' এরূপ মনে করা, (৬) নামকে কল্পিত জ্ঞান করা, (৭) নাম-বলে পাপ করা, (৮) চিন্তামণি চৈতন্য-রসরূপ নামকে জড়সম্বন্ধীয় পুণ্য বা শুভ কর্ম্মের সহিত সমান জ্ঞান করা, (৯) অনধিকারী শ্রদ্ধাহীন ব্যক্তিকে নামোপদেশ করা এবং (১০) অহংতা মমতারূপ অভিমানের সহিত নাম অনুশীলন করা—এই দশটি নামাপরাধ।" (শ্রীল ভক্তিবিনোদ) ॥৩॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জান মোর কথা, নামের কাঙ্গাল,
রতি পা'বে নাম-গানে ॥ ১ ॥
কৃষ্ণ-নাম-রূপ- গুণ-সুচরিত,
পরম যতনে করি' ।
রসনা মানসে, করহ নিয়োগ,
ক্রম-বিধি অনুসরি' ॥ ২ ॥
ব্রজে করি বাস, রাগানুগ হঞা,
স্মরণ কীর্ত্তন কর ।

এই ৯নং পদ্যটী 'উপদেশামৃতে'র অষ্টম শ্লোক "তন্নামরূপচরিতাদি ...নয়েদখিলমিত্যুপদেশসারম্ ॥"—অবলম্বনে রচিত। সুচরিত—অপ্রাকৃত-লীলা ; রসনা—জিহ্বা ; মানসে—মনকে ; ক্রমবিধি—শ্রদ্ধা, সাধুসঙ্গ, ভজনক্রিয়া, অনর্থ-নিবৃত্তি, নিষ্ঠা, রুচি, আসক্তি, ভাব ও প্রেম—ইহাই প্রেম-লাভের ক্রম ; অনুসরি'—অনুসরণ করিয়া ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ নিখিল কাল, করহ যাপন,
উপদেশ-সার ধর ॥ ৩ ॥
হা ! রূপ গোসাঞি, দয়া করি' কবে,
দিবে দীনে ব্রজবাসা।
রাগাত্মিক তুমি, তব পদানুগ,
হইতে দাসের আশা ॥ ৪ ॥

[১০]

গুরুদেব !
বড় কৃপা করি', গৌড়বন মাঝে,
গোদ্রুমে দিয়াছ স্থান।

ব্রজে করি বাস—অপ্রাকৃত মানসে ব্রজে বাস ; রাগানুগ—নিত্যসিদ্ধ রাগাত্মিক ব্রজবাসী জনের অনুগত ॥ ৩ ॥

রাগাত্মিক—ব্রজের নিত্যসিদ্ধ দাস, সখা, পিত্রাদি ও প্রেয়সীর গণ—ইঁহারা রাগাত্মিক জন ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আজ্ঞা দিলা মোরে, এই ব্রজে বসি',
হরিনাম কর গান ॥ . ॥
কিন্তু কবে প্রভো, যোগ্যতা অর্পিবে,
এ দাসেরে দয়া করি'।
চিত্ত স্থির হবে, সকল সহিব,
একান্তে ভজিব হরি ॥ ২ ॥
শৈশব যৌবনে, জড়সুখ-সঙ্গে,
অভ্যাস হইল মন্দ।
নিজকর্ম্ম দোষে, এ দেহ হইল,
ভজনের প্রতিবন্ধ ॥ ৩ ॥

গীতিকা-কার গৌড়বনের অন্তর্গত গোদ্রুমকে অভিন্ন ব্রজধাম-রূপে দর্শন ও উপলব্ধি করিতেছেন ॥ ১ ॥

একান্তে—নির্জ্জনে বা একনিষ্ঠভাবে ॥ ২ ॥

প্রতিবন্ধ—অন্তরায়, বিঘ্ন, বাধা ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বার্দ্ধক্যে এখন, পঞ্চরোগে হত,
কেমনে ভজিব বল।
কাঁদিয়া কাঁদিয়া, তোমার চরণে,
পড়িয়াছি সুবিহ্বল ॥ ৪ ॥

পঞ্চরোগ—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পাঁচটি ইন্দ্রিয়ের অপটুতা। বৃদ্ধাবস্থায় দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি ও ঘ্রাণশক্তির হ্রাস হয়; জিহ্বার জড়তা ও ত্বকের শিথিলতা উপস্থিত হয়। ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে (১।১৬।৩৩) বৃদ্ধাবস্থা বা জরাকে কাল-কন্যারূপে চতুঃষষ্টি রোগ প্রভৃতি ভ্রাতৃগণের সহিত পৃথিবীতে ভ্রমণরতা বলিয়া বর্ণনা করা হইয়াছে। ভাঃ ৪।২৯।২২-২৫ শ্লোক-আলোচ্য। শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু দৈন্যভরে বলিয়াছেন,—"বৃদ্ধ জরাতুর আমি অন্ধ, বধির। হস্ত হালে, মনোবুদ্ধি নহে মোর স্থির ॥ নানারোগগ্রস্ত—চলিতে বসিতে না পারি। পঞ্চরোগ-পীড়া-ব্যাকুল রাত্রি-দিনে মরি ॥" (চৈঃ চঃ অ ২০।৯৩-৯৪)। অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ—পঞ্চক্লেশকেও কেহ কেহ পঞ্চরোগ বলেন। 'বহু' অর্থেও 'পঞ্চ' শব্দের প্রয়োগ হয় ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[১১]

গুরুদেব !

কৃপাবিন্দু দিয়া, কর এই দাসে,
তৃণাপেক্ষা অতি হীন।
সকল সহনে, বল দিয়া কর,
নিজ মানে স্পৃহাহীন ॥ ১ ॥
সকলে সম্মান, করিতে শকতি,
দেহ নাথ যথাযথ।
তবে ত' গাইব, হরিনাম সুখে,
অপরাধ হ'বে হত ॥ ২ ॥

'কৃপাবিন্দু……হ'বে হত ॥'—শ্রীগৌরমুখবিগলিত শিক্ষাষ্টকের 'তৃণাদপি সুনীচেন' ইত্যাদি তৃতীয় শ্লোকের অনুসরণে লিখিত ॥ ১-২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কবে হেন কৃপা, লভিয়া এ জন,
কৃতার্থ হইবে নাথ।
শক্তিবুদ্ধিহীন, আমি অতি দীন,
কর মোরে আত্মসাথ ॥ ৩ ॥
যোগ্যতা-বিচারে, কিছু নাহি পাই,
তোমার করুণা সার।
করুণা না হৈলে, কাঁদিয়া কাঁদিয়া,
প্রাণ না রাখিব আর ॥ ৪ ॥

[১২]

গুরুদেব ! কবে মোর সেই দিন হ'বে।
মন স্থির করি', নির্জ্জনে বসিয়া,
কৃষ্ণনাম গা'ব যবে।

যোগ্যতা—দক্ষতা, পটুতা ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংসার-ফুকার, কাণে না পশিবে,
দেহ-রোগ দূরে র'বে ॥ ১ ॥

হরে কৃষ্ণ বলি', গাহিতে গাহিতে,
নয়নে বহিবে লোর।
দেহেতে পুলক, উদিত হইবে,
প্রেমেতে করিবে ভোর ॥ ২ ॥

গদ গদ বাণী, মুখে বাহিরিবে,
কাঁপিবে শরীর মম।
ঘর্ম্ম মুহুর্মুহু, বিবর্ণ হইবে,
স্তম্ভিত প্রলয়-সম ॥ ৩ ॥

ফুকার—চীৎকার, আহ্বান ॥ ১ ॥

লোর—চোখের জল ; ভোর—বিভোর ; বিহ্বল ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিষ্কপটে হেন, দশা কবে হ'বে,
নিরন্তর নাম গা'ব।
আবেশে রহিয়া, দেহযাত্রা করি',
তোমার করুণা পা'ব ॥ ৪ ॥

[১৩]

গুরুদেব ! কবে তব করুণা প্রকাশে।
শ্রীগৌরাঙ্গলীলা, হয় নিত্যতত্ত্ব,
এই দৃঢ় বিশ্বাসে।

নিরপরাধে হরিনাম-কীর্ত্তন-ফলে, অপ্রাকৃত ভাব-বিকার উপস্থিত হয়। "নিরপরাধে নাম লৈলে পায় প্রেমধন।" (১) স্তম্ভ, (২) স্বেদ, (৩) রোমাঞ্চ, (৪) স্বরভেদ, (৫) কম্প (বেপথু), (৬) বৈবর্ণ্য, (৭) অশ্রু, (৮) প্রলয় (মূর্চ্ছা)—ইহাদিগকে সাত্ত্বিক বিকার বলে ॥ ২·৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হরি হরি বলি', গোদ্রুম-কাননে,
ভ্রমিব দর্শন-আশে ॥ ১ ॥
নিতাই, গৌরাঙ্গ, অদ্বৈত, শ্রীবাস,
গদাধর পঞ্চজন।
কৃষ্ণনাম-রসে, ভাসা'বে জগৎ,
করি' মহাসংকীর্ত্তন ॥ ২ ॥
নর্ত্তন-বিলাস, মৃদঙ্গ-বাদন,
শুনিব আপন কাণে।
দেখিয়া দেখিয়া, সে লীলা-মাধুরী,
ভাসিব প্রেমের বানে ॥ ৩ ॥
না দেখি' আবার, সে লীলা-রতন,
কাঁদি হা গৌরাঙ্গ বলি'।
আমারে বিষয়ী, পাগল বলিয়া,
অঙ্গেতে দিবেক ধূলি ॥ ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সিদ্ধি-লালসা

কবে গৌর-বনে, সুরধুনী-তটে,
হা রাধে হা কৃষ্ণ বলে' ।
কাঁদিয়া বেড়া'ব, দেহ-সুখ ছাড়ি',
নানা লতা-তরুতলে ॥ ১ ॥

শ্বপচ-গৃহেতে, মাগিয়া খাইব,
পিব সরস্বতী-জল ।
পুলিনে পুলিনে, গড়াগড়ি দিব,
করি' কৃষ্ণ-কোলাহল ॥ ২ ॥

ধামবাসী জনে, প্রণতি করিয়া,
মাগিব কৃপার লেশ ।

গৌরবন—শ্রীগৌরসুন্দরের বিহার-ক্ষেত্র শ্রীনবদ্বীপধাম ॥ ১ ॥
শ্বপচ—কুক্কুর-মাংস-ভোজী চণ্ডাল ॥২॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৈষ্ণব-চরণ- রেণু গায় মাখি',
ধরি অবধূত-বেশ ॥ ৩ ॥
গৌড়-ব্রজ-জনে, ভেদ না দেখিব,
হইব বরজবাসী।
ধামের স্বরূপ,- স্ফুরিবে নয়নে,
হইব রাধার দাসী ॥ ৪ ॥

[১৫]

দেখিতে দেখিতে, ভুলিব বা কবে,
নিজ স্থূল পরিচয়।

গৌড়-ব্রজ-জন—শ্রীগৌড়মণ্ডল ও শ্রীব্রজমণ্ডলের পরিকর (ভগবৎপার্ষদ)—"শ্রীগৌড়মণ্ডল ভূমি, যেবা জানে চিন্তামণি, তা'র হয় ব্রজভূমে বাস।"—(ঠাকুর শ্রীনরোত্তম)। বরজবাসী—ব্রজবাসী; ধামের স্বরূপ—তদ্রূপবৈভব শ্রীধাম-নবদ্বীপ ও শ্রীধাম-বৃন্দাবনের অপ্রাকৃতত্ব। ৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নয়নে হেরিব, ব্রজপুরশোভা,
নিত্য চিদানন্দময় ॥ ১ ॥
বৃষভানুপুরে, জনম লইব,
যাবটে বিবাহ হ'বে।
ব্রজগোপী-ভাব, হইবে স্বভাব,
আন ভাব না রহিবে ॥ ২ ॥
নিজ সিদ্ধদেহ, নিজ সিদ্ধনাম,
নিজরূপ স্ববসন।
রাধাকৃপাবলে, লভিব বা কবে,
কৃষ্ণপ্রেম-প্রকরণ ॥ ৩ ॥

স্থূল পরিচয়—বাহ্য দেহগত পরিচয় ॥ ১ ॥

'বৃষভানুপুরে……প্রকরণ ॥"—"কবে বৃষভানুপুরে, আহিরী গোপের ঘরে, তনয়া হইয়া জনমিব ॥ যাবটে আমার কবে, এ পাণি-গ্রহণ হ'বে, বসতি করিব কবে তায়।"—(ঠাকুর শ্রীনরোত্তম);

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যামুন সলিল, আহরণে গিয়া,
বুঝিব যুগল-রস ।
প্রেমমুগ্ধ হ'য়ে, পাগলিনী-প্রায়,
গাইব রাধার যশ ॥ ৪ ॥

"যাঁহার উজ্জ্বল রস সাধিতে স্বাভাবিক প্রবৃত্তি, তিনি ব্রজের গোপী-আনুগত্য স্বীকার অবশ্য করিবেন। জীব পুরুষভাবে শৃঙ্গাররসের অধিকারী হন না। ব্রজগোপী-স্বরূপ লাভ করিলে কৃষ্ণ-ভজন হয়। একাদশ প্রকার ভাব গ্রহণ করিলে ব্রজগোপীত্ব লাভ হয়। (১) সম্বন্ধ, (২) বয়স, (৩) নাম, (৪) রূপ, (৫) যূথ-প্রবেশ, (৬) বেশ, (৭) আজ্ঞা, (৮) বাসস্থান, (৯) সেবা, (১০) পরাকাষ্ঠা ও (১১) পাল্যদাসী-ভাব। সাধক, জগতে যে আকারে থাকুক না কেন, হৃদয়ে এই একাদশটী ভাবগ্রহণ-পূর্ব্বক ভজন করিবেন। (শ্রীল ভক্তিবিনোদ, হঃ চিঃ) ॥ ২-৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[১৬]

বৃষভানুসুতা- চরণ-সেবনে,
হইব যে পাল্যদাসী।
শ্রীরাধার সুখ, সতত সাধনে,
রহিব আমি প্রয়াসী ॥ ১ ॥

পাল্যদাসী—নিত্যসিদ্ধা সখীগণের আশ্রিতা ও অনুগতা কিঙ্করী, 'ব্রজবিলাস-স্তবে' (২৯শ শ্লোকে) শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভু 'পাল্য-দাসীর, এইরূপ ভাব নিরূপণ করিয়াছেন,—যিনি গাঢ় প্রেমরসে পরিপ্লুত হইয়া প্রিয়তাদ্বারা প্রাগল্ভ্য লাভ করত প্রতিদিন ক্রমে প্রাণপ্রেষ্ঠ রাধাকৃষ্ণের লীলাভিসার করাইয়া থাকেন এবং বৈদগ্ধ্যক্রমে স্বীয় সখী শ্রীরাধিকাকে রসের সহিত মান শিক্ষা দেন, সেই ললিতা আমাকে নিজগণে গ্রহণ করুন অর্থাৎ আমাকে পাল্য-দাসী বলিয়া স্বীকার করুন।—(শ্রীল ভক্তিবিনোদ; সজ্জঃ খঃ ৩৯ অঃ) ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরাধার সুখে, কৃষ্ণের যে সুখ,
জানিব মনেতে আমি।
রাধাপদ ছাড়ি', শ্রীকৃষ্ণ-সঙ্গমে,
কভু না হইব কামী ॥ ২ ॥

সখীগণ মম, পরম সুহৃৎ,
যুগল-প্রেমের গুরু।

'শ্রীরাধার সুখে···হইব কামী ॥'—"তুমি রাধিকার অনুচরী—তাঁহার সেবাই তোমার সেবা। তাঁহার দ্বারা প্রেরিত হইয়া নির্জ্জনে কৃষ্ণসন্নিধানে গেলে, কৃষ্ণ যদি তোমার প্রতি রতি প্রকাশ করেন, তুমি তাহা স্বীকার করিবে না—তুমি রাধিকার দাসী, রাধিকার অনুমতি ব্যতীত কৃষ্ণসেবা স্বতন্ত্রা হইয়া করিবে না। রাধাকৃষ্ণে সমান স্নেহ রাখিয়াও, রাধিকার দাস্য-প্রেমে কৃষ্ণের দাস্যপ্রেম অপেক্ষা অধিকতর আগ্রহ করিবে—ইহারই নাম 'সেবা'। শ্রীরাধার অষ্টকালীন সেবাই তোমার সেবা।" —(জৈঃ ধঃ) ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তদনুগ হ'য়ে, সেবিব রাধার
চরণ-কলপ-তরু ॥ ৩ ॥
রাধাপক্ষ ছাড়ি', যে জন সে জন,
যে ভাবে সে ভাবে থাকে।
আমি ত' রাধিকা- পক্ষপাতী সদা,
কভু নাহি হেরি তা'কে ॥ ৪ ॥

'সখীগণ মম⋯কলপ-তরু ॥'—"যাহারা তাম্বুলার্পণ, পাদ-মর্দ্দন, জলদান ও অভিসারাদি কার্য্যদ্বারা প্রিয়তার সহিত শ্রীমতী রাধিকাকে নিত্য তুষ্ট করেন, সেই প্রাণপ্রেষ্ঠ সখীগণ অপেক্ষা সেবাকার্য্যে অসঙ্কোচ-ভারপ্রাপ্তা সেই বৃষভানুনন্দিনীর রূপমঞ্জরী-প্রমুখ দাসীগণকে আমি আশ্রয় করি ; অর্থাৎ আমার সেবা-কার্য্যে তাঁহাদিগকে শিক্ষাগুরু বলিয়া অভিমান করি।"—(জৈঃ ধঃ) ॥ ৩ ॥

'রাধাপক্ষ ছাড়ি'⋯⋯নাহি হেরি তা'কে।'—শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভু-কৃত "স্বনিয়ম-দশকম্" ৬ষ্ঠ শ্লোক দ্রষ্টব্য। 'বীণা-বাদক নারদাদি মুনিগণ বেদসমূহে যাঁহাকে গান করিয়াছেন, সেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিজ্ঞপ্তি

রাগিণী—সুরট-খাম্বাজ, একতালা।

কবে হ'বে বল সে দিন আমার।
(আমার) অপরাধ ঘুচি', শুদ্ধ নামে রুচি,
কৃপা-বলে হ'বে হৃদয়ে সঞ্চার ॥ ১ ॥

কৃষ্ণপ্রিয়তমা শ্রীরাধাকে দাম্ভিকতাবশতঃ অনাদরপূর্ব্বক যে কপটী কেবল গোবিন্দের ভজনা করে, তাহার অপবিত্র সমীপদেশে আমি মুহূর্ত্তকালও গমন করি না, ইহাই আমার একমাত্র ব্রত।' ; শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর-কৃত—'স্বনিয়ম দ্বাদশকম্' ৯ম শ্লোকে 'অরাধং গোবিন্দং ভজতি নিতরাং দাম্ভিকতয়া, তদভ্যাসে কিন্তু ক্ষণমপি ন যামি ব্রতমিদম্'—'যে ব্যক্তি অত্যন্ত দম্ভবশতঃ রাধাশূন্য গোবিন্দের ভজন করেন, আমি কিন্তু তাহার নিকটে অল্প সময়ও যাইব না, ইহা আমার নিয়ম।' ॥ ৪ ॥

অপরাধ—দশবিধ নামাপরাধ ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃণাধিক হীন, কবে নিজে মানি',
সহিষ্ণুতা-গুণ হৃদয়েতে আনি'।
সকলে মানদ, আপনি অমানী,
হ'য়ে আস্বাদিব নাম-রস-সার ॥ ২ ॥
ধন জন আর, কবিতা সুন্দরী,
বলিব না চাহি দেহ সুখকরী।
জন্মে জন্মে দাও, ওহে গৌরহরি,
অহৈতুকী ভক্তি চরণে তোমার ॥ ৩ ॥
করিতে শ্রীকৃষ্ণ- নাম উচ্চারণ,
পুলকিত দেহ গদ্‌গদ বচন।

'তৃণাধিক……রস-সার ॥'—"তৃণাদপি সুনীচেন" শ্লোকানুসরণে লিখিত ॥ ২ ॥

'ধনজন…তোমার ॥'—শিক্ষাষ্টকের ৪র্থ শ্লোকানুসরণে লিখিত ; সুখকরী—ভোগোৎপাদক ॥ ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi.

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৈবর্ণ্য-বেপথু, হ'বে সংঘটন,
নিরন্তর নেত্রে ব'বে অশ্রুধার ॥ ৪ ॥
কবে নবদ্বীপে, সুরধুনী-তটে,
গৌর-নিত্যানন্দ বলি' নিষ্কপটে।
নাচিয়া গাইয়া, বেড়াইব ছুটে,
বাতুলের প্রায় ছাড়িয়া বিচার ॥ ৫ ॥
কবে নিত্যানন্দ, মোরে করি' দয়া,
ছাড়াইবে মোর বিষয়ের মায়া।
দিয়া মোরে নিজ, চরণের ছায়া,
নামের হাটেতে দিবে অধিকার ॥ ৬ ॥

বৈবর্ণ্য-বেপথু—অপ্রাকৃত ভাবের বিষাদ, রোষ ও ভয় হইতে বৈবর্ণ্য (বিবর্ণতা বা মালিন্য) হয় এবং ভয়, হর্ষ, অমর্ষ হইতে 'বেপথু' (কম্প) হয়। ৪।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিনিব, লুটিব, হরি-নাম-রস,
নাম-রসে মাতি' হইব বিবশ।
রসের রসিক- চরণ পরশ
করিয়া মজিব রসে অনিবার ॥ ৭ ॥
কবে জীবে দয়া, হইবে উদয়,
নিজ সুখ ভুলি' সুদীন-হৃদয়।
ভকতিবিনোদ, করিয়া বিনয়,
শ্রীআজ্ঞা-টহল করিবে প্রচার ॥ ৮ ॥

'কবে নিত্যানন্দ......বিষয়ের মায়া।'—"আর কবে নিতাইচাঁদ করুণা করিবে। বিষয়-বাসনা মোর কবে তুচ্ছ হবে॥" —(শ্রীল নরোত্তম) ॥ ৬ ॥

রসিক-চরণ— প্রেমিক মহাভাগবতের শ্রীপাদপদ্ম ॥ ৭ ॥

জীবে দয়া—"কৃষ্ণতত্ত্বে অনভিজ্ঞ ব্যক্তিগণকে কৃষ্ণসেবায় প্ররোচনা ; জীবের আত্ম-সম্বন্ধিনী দয়া।" (সঃ তোঃ ৪।৮,৯।৯) ;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীনাম-মাহাত্ম্য

কৃষ্ণনাম ধরে কত বল।
বিষয়-বাসনানলে, মোর চিত্ত সদা জ্বলে,
রবিতপ্ত মরুভূমি-সম।
কর্ণরন্ধ্র পথ দিয়া, হৃদি মাঝে প্রবেশিয়া,
বরিষয় সুধা অনুপম ॥ ১ ॥

শ্রীআজ্ঞা-টহল—'টহল' শব্দে হরিকীর্ত্তনমুখে পরিভ্রমণ, 'শ্রীআজ্ঞা'—শ্রীমন্মহাপ্রভুর আদেশ, 'শ্রীআজ্ঞা-টহল' যথা—"প্রভুর আজ্ঞায় ভাই মাগি এই ভিক্ষা। বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, কর কৃষ্ণ-শিক্ষা ॥ অপরাধ শূন্য হ'য়ে লহ কৃষ্ণ-নাম। কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধন-প্রাণ ॥ কৃষ্ণের সংসার কর, ছাড়ি' অনাচার। জীবে দয়া, কৃষ্ণ-নাম সর্ব্ব-ধর্ম্মসার ॥" —(সঃ তোঃ ৮।৮) ॥ ৮ ॥

বরিষয়—বর্ষণ করে ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হৃদয় হইতে বলে, জিহ্বার অগ্রেতে চলে,
শব্দরূপে নাচে অনুক্ষণ।

কণ্ঠে মোর ভঙ্গে স্বর, অঙ্গ কাঁপে থর থর,
স্থির হইতে না পারে চরণ ॥ ২ ॥

চক্ষে ধারা, দেহে ঘর্ম্ম, পুলকিত সব চর্ম্ম,
বিবর্ণ হইল কলেবর।

মূর্চ্ছিত হইল মন, প্রলয়ের আগমন,
ভাবে সর্ব্ব দেহ জর জর ॥ ৩ ॥

হৃদয় হইতে বলে—আত্মা বা চেতন হইতে সেবোন্মুখ-জিহ্বায় ব্যাপ্ত হয়; নাচে—নৃত্য করে, স্ফূর্ত্তি প্রাপ্ত হয়। ২ ॥

প্রলয়—অষ্টসাত্ত্বিক বিকারের অন্যতম; অপ্রাকৃত সুখ-দুঃখ হইতে 'প্রলয়' হয়; জরজর—ক্ষীণার্থে ব্যবহৃত। ৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করি' এত উপদ্রব, চিত্তে বর্ষে সুধাদ্রব,
মোরে ডারে প্রেমের সাগরে।
কিছু না বুঝিতে দিল, মোরে ত' বাতুল কৈল,
মোর চিত্ত-বিত্ত সব হরে ॥ ৪ ॥
লইনু আশ্রয় যাঁ'র, হেন ব্যবহার তাঁ'র,
বর্ণিতে না পারি এ সকল।
কৃষ্ণনাম ইচ্ছাময়, যাহে যাহে সুখী হয়,
সেই মোর সুখের সম্বল ॥ ৫ ॥
প্রেমের কলিকা নাম, অদ্ভুত রসের ধাম,
হেন বল করয়ে প্রকাশ।
ঈষৎ বিকশি' পুনঃ, দেখায় নিজ রূপ-গুণ,
চিত্ত হরি লয় কৃষ্ণপাশ ॥ ৬ ॥

বর্ষে—বর্ষণ করে ; সুধাদ্রব—অমৃতরস ; ডারে—নিমগ্ন করে ॥৪॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ণ বিকশিত হঞা, ব্রজে মোরে যায় লঞা,
দেখায় মোরে স্বরূপ-বিলাস।
মোরে সিদ্ধ দেহ দিয়া, কৃষ্ণপাশে রাখে গিয়া,
এ দেহের করে সর্ব্বনাশ ॥ ৭ ॥
কৃষ্ণনাম-চিন্তামণি, অখিল রসের খনি,
নিত্য-মুক্ত শুদ্ধরসময়।

ধাম—আশ্রয়; 'ঈষৎ বিকশি' পুন……কৃষ্ণপাশ ॥'—অপ্রাকৃত কৃষ্ণনামই রূপ, গুণ-রূপে আত্মপ্রকাশ করেন ॥ ৬ ॥

পূর্ণবিকশিত—শ্রীনামই সবিলাস নামীর রূপ, গুণ, পরিকর ও লীলারূপে সম্প্রকাশিত ;-স্বরূপ-বিলাস—চিদ্বৈচিত্র্য ; সিদ্ধ দেহ—বর্ত্তমান জড়দেহ ও মানস সূক্ষ্মদেহের অতিরিক্ত শ্রীশ্রীরাধা-কৃষ্ণ-সেবনোপযোগী চিন্ময় দেহ। (চৈঃ চঃ ম ৮।২২৯, 'অনুভাষ্য')। স্বরূপ-সিদ্ধিতে সেই দেহের প্রকাশ হয়; 'এ দেহের করে সর্ব্বনাশ'—বস্তুসিদ্ধি প্রদান করে ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নামের বালাই যত, সব ল'য়ে হই হত,
তবে মোর সুখের উদয় ॥ ৮ ॥

গ্রন্থ-সমাপ্ত

'কৃষ্ণনাম চিন্তামণি……শুদ্ধরসময় ॥'—"নাম চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্য-রসবিগ্রহঃ। পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নামনামিনোঃ॥ (ভঃ রঃ সিঃ পূঃ ২ল ১০৮) 'চিন্তামণি'—অভীষ্ট-ফল-দাতা; নামের বালাই—'বালাই' শব্দে 'বিঘ্ন', এখানে 'অপরাধ' ॥ ৮ ॥

শ্রীশ্রীস্বরূপানুগবর শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-বাণী-পুরী-তীর্থ-পাদপদ্মরেণুকাভিলাষী কোনও নগণ্য জীবকীট-বিরচিতা '**কণিকা**' টীকা ৪৫৪ শ্রীচৈতন্যাব্দের ১০ হৃষীকেশ, ১৩৪৭ বঙ্গাব্দের ১১ই ভাদ্র, মঙ্গলবার কৃষ্ণনবমী তিথিতে শ্রীশ্রীনন্দোৎসব-বাসরে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী মহারাজের অনুজ্ঞা শিরোধার্য্য করিয়া সমাপ্তা হইল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

Dr. Urmila Sharma Collection, Varanasi

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্ক্‌স্‌, ঢাকা।

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi